

নেহের বাল পুস্তকালয়—24

8.4

# णकिंकिएँ अषात कारिबी

200

সত্যপ্রসাদ চটোপাধ্যায়

অমুবাদক নিতাই চট্টোপাধ্যায়



ন্যাশনাল বুক ট্রাস্ট, ইপ্তিয়া নয়াদিল্লি



and and and and and


1975 (Saka 1897) Reprinted 1977 (Saka 1899) Reprinted 1986 (Saka 1908)

© সত্যপ্রসাদ চট্টোপাধ্যায়, 1973



ROMANCE OF POSTAGE STAMPS (Bengali)

প্রচ্ছদণট চিরন্জিত লাল



Published by Director, National Book Trust, India, A-5 Green Park, New Delhi-110016 and printed by Jupiter Offset Press. B-10/3, Jhilmil Industrial Area, Delhi-110032



# কাহিনী

১৯৬৫ সালের ১৬শে জাতুয়ারী। সন্ধ্যাবেলা। রূপোর মত সাদা ও লাল রভের একটা উড়োজাহাজ বোয়িং ৭০৭ নিউ ইয়র্ক থেকে লগুন বিমানবন্দরে পত্রপত্রিকার সংবাদদাভারা, সংবাদচিত্রের আলোকশিল্লীরা এসে থামল। ও আরো অনেকে উড়োজাহাজটা ঘিরে ফেললেন, চোখেমুখে তাঁদের উত্তেজনা যেন ফেটে পড়ছে। মিঃ ফিনবার কেনি উড়োজাহাজের সিঁডি বেয়ে নেমে এলেন। হাতে তাঁর 'এক দেওঁ' দামের ব্রিটিশ গিনির ডাক-'এক দেওঁ' দামের ডাকটিকিটটা ইন্সিওর করা হয়েছে তু লক্ষ পাউত্তে অর্থাৎ কিনা ছত্তিশ লক্ষ টাকায়। সঙ্গে একজন 'দেহরক্ষী' এটা

নিয়ে এসেছে। লণ্ডনের ষ্টানলি গিবন্স্ ক্যাটালগ সেন্টিনারী একজিবিশনে এটা দেখানো হবে।

পরের দিন সকালবেলা এই ডাকটিকিট নিয়েই সবায়ের জল্পনাকল্পনা।
এরই কথা সমস্ত খবরের কাগজে বড় বড় হরফে ছাপা ছোল। বি বি সি
থেকে এক বিশেষ অমুষ্ঠানে এই ডাকটিকিট নিয়ে প্রত্যক্ষদর্শীর বিবরণ
প্রচার করা ছোল। এই কালো ও ম্যাজেন্টা রঙের এক টুকরো কাগজের
মধ্যে এমন কি ছিল? ডাকটিকিটের কাহিনী এই জন্মেই তো এতো
মজার।

তখনকার দিনে ব্রিটিশ গিনির ডাকটিকিট ছাপতো এক ব্রিটিশ ছাপা-খানা। নাম ওয়াটারলো এয়াও সভা। ১৮৫৬ সালে ডাকটিকিট যা ছাপানো



হয়েছিলো তা শেষ হয়ে যায়। ডাকটিকিট দরকার। সময়মত নতুন ডাকটিকিট
ছপে এলো না। মহামুদ্ধিলে পড়লেন
ডাকঘরের বড়কর্তা। সেথানকারই এক
ছাপাখানা থেকে ৪ সেও দামের ডাকটিকিট
ভাড়াভাড়ি ছাপিয়ে নিলেন। আগেকার
ছাপানো ডাকটিকিটের ডিজাইন থেকে

এটা ছাপা হোল। ডিজাইনে উপনিবেশের শীলমোহর ছিলো, আর ছিলো একটা জাহাজের ছবি ও একটা শ্লোগান: "দেমাস পেতিমাস্ক ভিসিস্ সিম"। এর মানে: আমরা দিই ও পরিবর্তে পেতে চাই। ডাকটিকিট ছাপা হোল ম্যাজেন্টা কাগজে, লালের সজে অল্প বেগনী আভা মেশানো কালো কালিতে। ছাপা এতো খারাপ হোল যে সহজেই ডাকটিকিট জাল করা যায়। ডাই সাবধান হওয়া দর্শকার। পোষ্ট মাষ্টারমশাই ডাকবিভাগের স্বাইকে জানিয়ে দিলেন্ যে ডাকটিকিট বিক্রির সময় যে বিক্রি করছে সে যেন নিজের নামের আদি অক্ষর সই করে দেয়।

সভেরো বছর পরের কথা। ব্রিটিশ গিনির এক বাসিন্দা, বয়সে ভরুণ, নাম এল ভার্ণন ভ্রঘান। বাড়ীর পুরোনো চিঠিপত্তের গোছা থেকে ঐ ডিজাইনের 'এক-সেণ্টে'র একটা ডাকটিকিট খুঁজে পেলেন। ভাতে ছোট্ট একটা সই, ই. ডি. উইট-এর। ভবান সবেমাত্র তথন ডাকটিকিট সংগ্রহ করতে সুরু করেছেন। ডিনি জানতেন না যে এই চার সেণ্ট' দামের ডাকটিকিটের

একটাতে ভূল করে 'এক দেউ' ছাপা আছে। জলে ভিজিয়ে ডাকটিকিটটা কাগজ থেকে টেনে আলাদা করে নিয়ে নিজের এ্যালবানে রেখে দিলেন। তাতে আরো অনেক রকমের ডাকটিকিট ছিলো। এই ডাকটিকিটটা অষ্ট-ভূজের মত করে কাটা ছিল। ছাপাও পরিক্ষার ছিলো না। আরও ভালো ভালো বিদেশী ডাকটিকিট কেনার কথা ভেবে ভ্যান এটা বিক্রিকরবেন বলে ঠিক করলেন। এখানেই মিষ্টার এন আর ম্যাক্কিনন বলে এক ভদলোক ছিলেন। তাঁরও ডাকটিকিট জোগাড় করে বেড়ানো নেশা। অনেক ব্ঝিয়ে ভ্যান তাঁকে ঐ ডাকটিকিটটা কিন্তে রাজী করালেন। রফা হোল ছ শিলিঙে অর্থাৎ পাঁচ টাকা চল্লিশ প্রসায়। ভ্যান স্থপ্তে ভাবেননি যে এই ডাকটিকিট যা তিনি সেদিন মাত্র ছ' শিলিঙে বিক্রিক করেছিলেন তা একদিন অমুল্য হয়ে উঠবে।

এর পাঁচ বছর পরে এই ডাকটিকিট আবার বিক্রি হোল। লিভারপুলে
টমাস্ রিডপাথ নামে এক ভদ্রলোক একশো কৃড়ি পাউও অর্থাৎ তু হাজার
একশো ষাট টাকায় এটি কিনে নিলেন। তিনি এটি আবার বিক্রি করে
দিলেন। ফরাসীর নামকরা ডাকটিকিট সংগ্রহকারী ফিলিপ লা রোনোতিয়ের ভন ফেরারী এটি একশো পঞ্চাশ পাউও অর্থাৎ তু হাজার সাভশো
টাকায় কিনে নিলেন। সঙ্গে সঙ্গে এই ডাকটিকিটের কথা সর্বত্র ছড়িয়ে
পড়লো। ১৯১৭ সালে মিষ্টার ফেরারী মারা গেলেন। ১৯২১ থেকে ১৯২৫
সালের মধ্যে তাঁর যাবতীয় সম্পত্তি প্যারিসে নিলামে বিক্রি হয়ে গেল।
১৯২২ সালের এক নিলামে এই 'এক সেন্ট' ব্রিটিশ গিনি ডাকটিকিটের
দর উঠলো সাত হাজার তিনশো ভেতাল্লিশ পাউও অর্থাৎ এক লক্ষ বিক্রিশ
তাজার টাকা। কিনে নিলেন মার্কিন এক ভদ্রলোক

নাম আর্থার হিও।

আর্থার হিণ্ড মারা যান ১৯৩৩ সালে। তাঁর বিষয়-সম্পত্তির মধ্যে এই ডাকটিকিটটাও ছিলো। তাঁর বিধবা ন্ত্রী দাবী করলেন যে তাঁর স্বামী তাঁকেই এই 'এক সেণ্ট'



দানের ডাকটিকিটট। দিয়ে গেছেন। মামলায় তিনি জিতে গেলেন। ১৯৪০ সালে অষ্ট্রেলিয়ার এক ডাকটিকিট সংগ্রহকারী এটি চল্লিশ হাজার ডলার অর্থাৎ তিন লক্ষ টাকা দিয়ে কিনে নিলেন। নিজের নাম কাউকে জানালেন না।


১৯৬৫ সালে এই ভদ্রলোকের কাছ থেকেই মিষ্টার কেনি এটি লগুনে গিবন্স্ প্রদর্শনীর জন্মে আনেন। ১৯৭০ সালে নিউ ইয়র্কে এটাকে আবার নিলামে চড়ানো হোল। নিলাম ঘর লোকে লোকারণ্য, ভিল ধারণের জারগা নেই। নিলামের ডাক ক্রমশঃ বাড়তে লাগলো। নিলামে যাঁরা উপস্থিত ছিলেন, চোখে তাঁদের বিশ্ময়ের ভাব, থেকে থেকে একটা গুঞ্জনধ্বনি। চকিত নিঃশ্বাসের একটা শক্ত শোনা যেতে লাগলো। শেষ পর্যস্ত 'এক সেণ্ট' দামের ব্রিটিশ গিনি ডাকটিকিট বিক্রি হোল তু লক্ষ আশী হাজার ডলারে অর্থাৎ একুশ লক্ষ টাকায়।

পৃথিবীর তুর্লভ ডাকটিকিটের মধ্যে এই ডাকটিকিটও এক অমূল্য বস্তু। পরে এই ডাকটিকিটের দাম কি দাঁড়াবে তা তোমরা সহজেই অমুমান করতে পারো।

বিশ্বের নামকরা ডাকটিকিট মরিসাস 'পোষ্ট অফিস'-এর কাহিনীও এই রকম চিত্তাকর্ষক। ভারত মহাসাগরের একটি ছোট্ট দ্বীপ এই মরিসাস। পৃথিবীর মধ্যে ডাকটিকিট প্রচলন করার ব্যাপারে এটিই পঞ্চম দেশ। মরিসাস ডাকটিকিট প্রথম চালু হয় ১৮৪৭ সালে। সর্বপ্রথম ১ পেনি ও ২ পেজ দামের টিকিট বের করা হয়। ঠিক এই সময় মরিসাসের রাজ্যপালের স্ত্রী লেডী গম মেয়েদের সৌখীন পোষাক বিন্যাসের একটা প্রদর্শনী করবেন ঠিক করেন। এই উপলক্ষ্যে এক নৃত্যান্ম্চানেরও আয়োজন করেন ১৮৪৭ সালের ৩০শে সেপ্টেম্বর। তাঁর ইচ্ছে নেমস্তল্লের চিঠি পাঠাতে ডিনিই প্রথম এই ডাকটিকিট ব্যবহার করবেন। হাতে সময় খুব কম থাকায় সেখানকারই এক ছাপাখানায় ডাকটিকিট ছাপার ব্যবস্থা হয়।

ছোট্ট এই দ্বীপে জে. বার্ণাড বলে এক ভন্তলোকই শুধু জানতেন কি করে ধাতুর ওপর নক্সা খোদাই করতে হয়। তাঁকে নক্সাটি খোদাই করতে বলা হোল। নক্সাটির মধ্যিখানে মহারাণী ভিক্টোরিয়ার ছবি, 'ডাকমাশুল' কথাটা লেখা ছিলো স্বচেয়ে ওপরে আর 'দাম' স্বচেয়ে নীচে। 'মরিসাস' কথাটা ডাইনে আর 'ডাকমাশুল প্রাপ্ত' কথাটা বাঁয়ে। বার্ণাডকে ১ পেনি ও ত্ব পেল দামের ডাকটিকিট ৫০০ করে ছাপতে বলা হোল। কিন্তু থুব ভাড়াডাড়ি করে। তিনি নক্রাটি খোদাই করে ডাকটিকিট ছেপে ফেললেন। ভুল করে তিনি 'ডাকমাশুল প্রাপ্ত' (Post Paid) কথাটার জায়গায় 'ডাকঘর' (Post Office) খোদাই করে বসলেন। লোকমুখে জানা যায় যে নক্রাটিডে 'মরিসাস', 'ডাকমাশুল' ও 'দাম' কথাগুলো খোদাই করার পর বার্ণাড যে কাগজটিতে পোষ্টমাষ্টারমশাই লিখে দিয়েছিলেন কি কি কথা খোদাই করতে হবে সেটি হারিয়ে ফেলেন। বাঁয়ে কি কথা খোদাই করার কথা লেখা ছিলো তা তিনি মনে করতে পারলেন না। পোষ্টমাষ্টারমশাইকে জিজ্ঞেস করতে ছুটলেন। ডাকঘরের কাছাকাছি এসে বার্ণাড ওপরের দিকে তাকিয়ে দেখলেন। দেখেন বাড়ীটার গায়ে 'ডাকঘর' (Post Office) লেখা আছে। ভাবলেন যে এই কথাটাই তিনি খোদাই করতে ভুলে গেছেন। ভাড়াভাড়ি ফিরে এলেন। এসেই 'ডাকঘর' (Post

Office)
ক থা ট
ন ক্সা হ
থো দা ই
ক রে
ফেললেন।
ডাকটিকিট
ভূল ছাপা
হো ল।
'ডা ক



মাণ্ডল প্রাপ্ত' (Post Paid)-র জায়গায় 'ডাকঘর' (Post Office) লেখাটি থেকে গেল।

এই ডাকটিকিটের বিক্রি সুরু হোল ১৮৪৭ সালের ২০শে সেপ্টেম্বর।
কিন্তু আশ্চর্যের ব্যাপার, ১৮৬৪ সাল পর্যন্ত এই ভূলটা কারুর চোখে ধরা
পড়েনি। বোর্দে। সহরের এক সওদাগরের স্ত্রী মাদাম বোরচার্ড স্বামীকে
লেখা তাঁর চিঠিপত্রের মধ্যে এই ধরনের ১২টি ডাকটিকিট দেখতে পান।
এই ধরনের ২৬টি ডাকটিকিটের কথা আজ পর্যন্ত জানা গেছে। এর মধ্যে

১৪টি ১ পেনির আর ১২টি ২ পেলের। যতবার এগুলো হাত বদলেছে ততবারই এদের দাম বেড়েছে।

এই ডাকটিকিটগুলোর মধ্যে সবচেয়ে সুন্দর একটা খামে লাগানো ১ পেনি দামের ছটো টিকিট। খামে ঠিকানা ছিলো বোম্বাইয়ের 'থমাস জেরম'-এর। খামটি ডাকে দেওয়া হয়েছিলো ১৮৫০ সালের ৪ঠা জায়য়ারী। খামটা ভারতের এক বাজারে পাওয়া যায়। মিষ্টার হাওয়ার্ড বলে এক ভদ্রলোক এটি কিনে নেন পঞ্চাশ পাউণ্ডে অর্থাৎ ন'শো টাকায়। এটি তিনি লগুনে বিক্রি করেন এক হাজার ছশো পাউণ্ডে অর্থাৎ আটাশ হাজার আট শো টাকায়। ১৯০৬ সালে এটি বিক্রি হয় ছ হাজার ছ শো পাউণ্ডে অর্থাৎ উনচল্লিশ হাজার ছ শো টাকায়। ১৯১৭ সালে মিষ্টার এ. এফ. লিচেনষ্টিন এটি সংগ্রহ করেন। ১৯৪৭ সালে ভার মৃত্যুর পর ভার মেয়ে এই নামকরা খামটির মালিক হন। ১৯৬৮ সালে এটি আবার বিক্রি হোল। এবার তিন লক্ষ আশী হাজার ডলার অর্থাৎ আটাশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা। কিনলেন নিউ অরলিন্সের রেমণ্ড এইচ্ ওয়েলে কোম্পানী। ভাবলে অবাক হতে হয়! এক টুকরো এই কাগজের এতো দাম হয় কি কোরে!

এগুলোই কিন্তু একমাত্র নামকরা ভাকটিকিট নয়। আরও অনেক ডাকটিকিট আছে যা এই ধরণের ছাপার ভুলের জন্মে বিখ্যাত, তুর্ল ভণ্ড বটে।

ভোমাদের মধ্যে যারা ডাকটিকিট সংগ্রহ করতে চাও, তার জন্মে, কি ভাবে ডাকটিকিটের ব্যবহার চালু হোল, কি ভাবে ডাকটিকিট সংগ্রহ করা প্রথম সুরু হয়, এর কি প্রয়োজনীয়তা, কেমন করে এর থেকে কত কি শেখা যায়, কি ভাবে ও কেমন করে কোন্ কোন্ ডাকটিকিট সংগ্রহ করতে হবে, ডাকটিকিট ছাপা হয় কেমন করে, এক কথায় ডাকটিকিট বিষয়ে যাবভীয় দরকারী বিষয় নিয়ে, এই বইতে আমি লিখেছি।









### ডাকের কথা

ভাকবিভাগের কাজ আজ বাঁধাধরা, এর স্থ্রিধে যে কত তা স্বায়েরই জানা। ডাকে চিঠি দেওয়া ও নেওয়া আমাদের দৈনন্দিন জীবনের একটা অংশ। বহু বছর কিন্তু লেগেছে এই ডাকব্যবস্থার উন্নতি ও প্রসার হতে। ফলে আজ ডাকের স্থ্রিধা অনেক সহজলভ্য হয়েছে। এ সম্বন্ধে আমাদের অনেকেরই কিন্তু কোনো ধারণা নেই।

সামাজ্যের বিভিন্ন জায়গার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা চালু রাখার প্রয়োজন থেকেই এই ডাকব্যবস্থার স্পূচনা। এতে রাজার রাজ্যের কোথায় কি ঘটছে তার খবর রাখার স্থবিধে হোতো। সে যুগে এই ডাকব্যবস্থার স্থবিধে শুধু রাজারাজড়াই পেতেন। আজ দেশের সাধারণ একজন নাগরিকও তা পায়।

সর্বপ্রথম চিঠিপত্রের নেওয়া-দেওয়ার ব্যবস্থা ছিলো বার্তাবহদের যাতায়াতের পথ ধরে। শুধু যে ভারতবর্ষেই এ ব্যবস্থা ছিলো তা নয়। মিশর, চীন, গ্রেট ব্রিটেনেও এইভাবেই ডাকবিলি হোত। আজকাল চিঠিপত্রের আদানপ্রদানের যে ব্যবস্থা তার প্রচুর উন্নতি হয়েছে। চিঠিপত্র আঢ়াভাড়ি ঠিক ঠিক জায়গায় পৌছে দেবার দায়িছ এখন উড়োজাহাজ, রেল ও মাটরের। ডাকবিলি ব্যবস্থার সবচেয়ে মজার ব্যাপার হোল ডাক-হরকরা। এরা দ্রদ্রাস্থে ডাক বয়ে নিয়ে যেতো। তখন যানবাহনের কোনো অন্তিত্বও ছিলো না। জললের পর জলল পার হয়ে, পাহাড় ডিলিয়ে, নদী পেরিয়ে আমাদের চিঠিপত্র নির্দিষ্ট জায়গায় পৌছে দেবার দায়িছ ছিলো ডাক-হরকরাদের। বাঘ-ভালুক, চোর-ডাকাতের ভয় তৃচ্ছ করে এরা ছুটে চলতো।










পাঠান সমাট আলাউদ্দীন খিলজীর আমল থেকেই এই ডাকবিলির ব্যবস্থা চালু হয়। এ ব্যাপারে অশ্বারোহী ও পদাতিক— ত্যেরই সাহায্য নেওয়া হোতো। সৈন্সমামস্তদের অবস্থা, তাদের গভিবিধি ও অগ্রগতির যাবতীয় খবর তিনি,এই ডাকব্যবস্থার মারফং পেতেন। শের শাহের

আমলে এই ব্যবস্থার প্রচুর উন্নতি হয়। শের শাহ খুব অল্প সময়ই রাজত্ব করেছিলেন। কেবল পাঁচ বছর, ১৫৪১ থেকে ১৫৪৫ পর্যন্ত। এই পাঁচ বছরের মধ্যেই তিনি বাংলাদেশ থেকে সিন্ধুপ্রদেশ অবধি টানা ২০০০ মাইল লম্বা এক রাস্তা তৈরি করিয়েছিলেন। রাস্তার মাঝে মাঝে সরাইখানারও ব্যবস্থা ছিলো। রাজ্যের সমস্ত জায়গায় তিনি অশ্বারোহীর সাহায্যে খুব তাড়াভাড়ি সংবাদ আদানপ্রদানের ব্যবস্থা চালু করেন। প্রত্যেকটি সরাইতে ছটো করে ঘোড়া হামেহাল মজুত থাকতো। ডাড়াহুড়ো করে যে সব খবর পাঠাতে হোতো, তা যাতে আরো তাড়াভাড়ি পৌছোতে পারে তারই জন্মে এই ব্যবস্থা করা হয়েছিলো। চলাচল ব্যবস্থার আরও উন্নতি হোলো আকবরের সময়। ১৫৫৬ থেকে ১৬০৫-এর মধ্যে। তখন ঘোড়া ছাড়াও উটকে এই কাজে লাগানো হোলো। ইতিহাস থেকে আমরা জানতে পাই যে মহীশুরের রাজা চিকা দেব-এর আমজে রাজ্যের স্বত্ত ডাক বহন ও বিলির সুষ্ঠু ব্যবস্থা চালু হয়। এটা ১৬৭২ সালের কথা।





### **UNPAID**

### POST PAID

ইষ্ট ইণ্ডিয়া কে। পানীর আমলে ডাকব্যবস্থার খুব উন্নতি হয়। এঁরা এঁদের কাজকারবার চালু করেন ১৬৮৮ নাগাদ, সবপ্রথম মাডাজ, বোম্বাই ও

কলকাতায় । নিয়মিত চিঠিপত্রের আদানপ্রদানের জন্মে ইস্ট ইণ্ডিয়া কোম্পানী বোদ্ধাই ও মান্তাজে বড় ডাক্ষর থোলেন । অন্স আরো অনেক জায়গায় চিঠি লেনদেনের জন্মে ছোট ছোট ডাক্ষরও খুলে দিলেন । ১৭৬৬ সালে লর্ড ক্লাইভ ডাক্ব্যবস্থার আরও উন্নতি সাধন করলেন । এই সময় এই ডাক্ব্যবস্থা শুধু একমাত্র সরকারী কাজেই লাগানো হোতো । ১৭৭৪ সালে ডাক্ব্যবস্থার এইসব সুযোগসুবিধে জনসাধারণও যাতে পায় ভার ব্যবস্থা হোলো । এই সময় চিঠির জন্মে সবচেয়ে কম মাশুল ছিলো ১০০ মাইল পিছু ২ আনা করে । ডাক্মাশুল দিতে যাতে লোকেদের কোনো অসুবিধে না হয় ভার জন্মে ভামার ভৈরী ২ আনা দামের এক রকমের মুদ্রা ভৈরী হোলো টাক্শালে ।

ডাকঘরে চিঠি দেবার সময়েই ডাকমাশুল দিয়ে দিতে হোত। ডাকমাশুল নগদ দেবার পর চিঠিগুলোর ওপর ষ্ট্র্যাম্প মেরে দেওয়া হোত। এই ষ্ট্র্যাম্পে লেখা খাকডো 'ডাকমাশুল প্রদন্ত' বা 'পুরো ডাকমাশুল প্রদন্ত'। যে সব চিঠির ডাকমাশুল আগে দিয়ে দেওয়া হোত না তাও ডাকঘর নিয়ে নিত। তার ওপরও ষ্ট্র্যাম্প মেরে দেওয়া হোত 'Bearing' বা 'Post Not Paid' কিংবা শুধুমাত্র 'Unpaid' কথাটি। এইসব চিঠির ডাকমাশুল আদায় করা হোত চিঠি যার কাছে বিলি হোত। অর্থাৎ যে চিঠিটা গ্রহণ করতো তাকেই ডাকমাশুল দিতে হোত।

সরকারের দেখাশোনার ফলে ডাকব্যবস্থার প্রসার ও উন্নতি খুবই হয়েছিলো। তবুও বেসরকারী লোকেরা এক জায়গা থেকে অন্য জায়গায় ডাক নিয়ে যাওয় ও বিলি করার ব্যবস্থা চালু রেখেছিলো। সরকারের সঙ্গে এরা সমান ভালে প্রতিযোগিতা চালিয়ে যেত।



১৮৩৭ সালে ডাকব্যবস্থার এক বিরাট পরিবর্তন ঘটলো। এই প্রথম 'ডাক্ঘর-আইন' তৈরী হোলো। ডাকব্যবস্থাকে শুধু বর্তমান' সময়ের উপযোগী করে তোলার জন্মেই এই আইন তৈরী হয়নি, সারা ভারত জুড়ে ডাক্ব্যবস্থার একচেটিয়া অধিকারও সরকারকে দেওয়া হোলো। এই আইনের মারকং বেসরকারী ডাকব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়।





## ডাকটিকিটের জন্ম

ভাকটিকিট যখন চালু হয়নি তখন চিঠির ভাকমাশুল হয় যে চিঠি
পাঠাভো ভাকেই আগে নগদ দিয়ে দিভে হোভ নয়ত চিঠি যাকে বিলি করা
হোভ ভার কাছ থেকে আদায় করা হোভ। যেখান থেকে চিঠি পাঠানো
হোভ আর যেখানে চিঠি বিলি করা হবে, এই ছ-জায়গার, দূর্ভ হিসেব
করেই ভাকখরচ নেওয়া হোভ। চিঠিতে নানান রকমের ছাপ মেরে বোঝানো
হোভ ভাকমাশুল দেওয়া হয়েছে কিংবা হয়নি। ভখনও খামের প্রচলন
হয়নি, ভাকে দেওয়া চিঠি শুধ্ ভাঁজ করে মোড়া হোভ। পেছন দিকে
ঠিকানা লেখার চল ছিলো। ভাকব্যবস্থার নানান রকম উন্নভি হওয়া সভ্পেও
ভালু করা সম্ভব হয়নি।

১৮৩৫ সাল। ইংলতে করের (ট্যাক্সের) পরিস্থিতি নিয়ে রোল্যাণ্ড হিল পরীক্ষানিরীক্ষা আরম্ভ করলেন। তিনি দেখলেন ডাকমাশুল বাড়িয়ে দেওয়া সত্বেও ডাকবিভাগের আয় কমে যাচেছ। অনেক চেষ্টার পর জানতে পারলেন যে বেশির ভাগ চিঠিই পাঠানো হয় ডাকমাশুল না দিয়ে, তার মধ্যে অধিকাংশ চিঠিই যাদের নামে পাঠানো হয় ডারা কেরৎ দেয়। ডাকমাশুল দিয়ে তারা চিঠি নেয় না। রোল্যাণ্ড হিলকে একটা মজার গল্প হয়। গল্প হলেও ভা সভিয়। আর এই থেকেই বোঝা যায় ডাকব্যবস্থার কি

একদিন একটি যুবক রাস্তায় পায়চারি করছিলেন। এমন সময় পোষ্ঠঅফিসের পিয়নকে চিঠি নিয়ে আসতে দেখলেন। অভি সামাশ্য একজন
স্ত্রীলোকের বাড়ীতে পিয়নটি একটি চিঠি নিয়ে হাজির হোলো।
স্ত্রীলোকটির বাস এক দীনহীন কুটারে। চিঠির ভাকমাশুল দেওয়া হয়নি
আগে। তাই স্ত্রীলোকটির কাছে পিয়ন এক শিলিঙ চাইল। কিন্তু স্ত্রীলোকটি মাথা নেড়ে জানালো যে চিঠি নিতে পারবে না, এমনকি চিঠিটা
খুলেও দেখলো না। গরীব ভেবে যুবকটি এগিয়ে এলেন। পিয়নকে এক
শিলিঙ দিলেন। স্ত্রীলোকটি প্রতিবাদ জানালো। পিয়ন চলে যাওয়ার
সক্ষে সঙ্গে স্ত্রীলোকটি বললো, এভাবে টাকা নষ্ট করার মানে হয় না।
চিঠিটা খুলে দেখালো। ভার মধ্যে শুধু এক টুকরো সাদা কাগজ, কিছু
লেখা নেই। যুবকটি হতভত্ব। স্ত্রীলোকটি এবার ব্যাপারটা কি
ভাই ব্রিয়ে বললো! এটি এসেছে ভার ছেলের কাছ থেকে। ভার
ছেলে এইভাবে একটা সাদা কাগজ ডাকে পাঠিয়ে ভাকে জানিয়ে দের যে
সে ভালো আছে। এতে তু পক্ষেরই কোনো খরচ হয় না।

ভাকমাশুলের হার অত্যন্ত বেশি ছিলো। তাই বহু লোকই ডাক-মাশুল না দিয়ে ডাকব্যবস্থার সুযোগ নেবার চেষ্টা করতো।

এক জায়গা থেকে অন্ত জায়গায় চিঠি নিয়ে যেতে কি রকম কি খরচ
পড়ে, রোল্যাণ্ড হিল তা কষে দেখলেন। লণ্ডন থেকে এডিনবরা অবধি
একটি চিঠি নিয়ে যেতে খরচ হয় মাত্র ১ পেনির ছত্রিশ ভাগের এক ভাগ।
১৮৩৭ সালে 'ডাকঘর সংস্কার' এই নামে একটা বই তিনি ছেপে বার
করলেন। তাতে দ্রত্বের সঙ্গে কোন সম্পর্ক না-রেখে সন্তা ও সমান
ডাকমাশুলের হার চালু করার কথা আর ডাকমাশুল আগাম দেওয়া বাধ্যতামূলক করার ওপর তিনি জাের দেন। তিনি আরও প্রস্তাব করলেন যে
'আগাম ডাকমাশুল দেওয়া হয়েছে' এই ধরনের শব্দ লেখা ছাপা-ভাকটিকিট
লাগানো খামও চালু করা হােক। যারা নিজেদের কাগজ, খাম ইত্যাদি
ব্যবহার করতে চায় তাদের জন্মে অশ্য ব্যবস্থা হােল। ছােট ছােট
আটা লাগানো ডাকটিকিট কিনে চিঠির ওপর এঁটে দিতে হবে।

দূরত্বের সঙ্গে ভাকমাগুলের কোন সম্পর্ক রইল না। ভাকমাগুলের হার ঠিক করা হোল চিঠির ওজন অগুদারে। আধ আউল ওজনের চিঠির জন্মে এক পেনি। আটা-লাগানো ভাকটিকিটের সাহায্যে আগাম ভাকমাগুল দেওয়ার রীভি ১৮৪০ সালের ১০ই জাগুয়ারী গ্রেট ব্রিটেনে চালু হোল।

একটা প্রতিযোগিতারও আয়োজন করা হোল। 'কিভাবে ডাকটিকিটের ব্যবহার স্থান্ঠভাবে চালু করা যেতে পারে' সেই বিষয়ে প্রতিযোগীরা প্রস্তাব পাঠাবেন। প্রস্তাব পাঠানোর আগে প্রতিযোগিদের কতকগুলো বিষয়ে ধেরাল রাধার অমুরোধ জানানো হয়:

- ১। ভাকটিকিট নাড়াচাড়া করার উপযোগী হওয়া চাই।
- २। जाकि कि छे छाला यन कारना जारवर काल कन्ना ना यात्र।
- ও। ডাকঘরে ডাকটিকিটগুলো পরীক্ষানিরীক্ষা ও তদারক করা যেন সহজ্ব হয়।
- 8। ডাকটিকিট ছাপতে ও ভার প্রচার বাবদ কত খরচ হবে।

এ ব্যাপারে হু হাজার ছশোর বেশি প্রতিযোগীর কাছ থেকে সাড়া পাওয়া যায়। একশো পাউও অর্থাৎ এক হাজার আটশো টাকার চারটে পুরস্কারও দেওয়া হয়। কিন্তু কোনোটাই ডাকটিকিটের জন্ম ব্যবহার করা হোল না। রোল্যাণ্ড হিল ও মেদাস পারকিন্স বেকন এয়াণ্ড কোম্পানীর



মধ্যে এ নিয়ে আলাপ-আলোচনা চললো।
আলাপ-আলোচনা করার পর ডাকটিকিট
ছাপা হোল। এটাই পৃথিবীর প্রথম ডাকটিকিট—নাম 'পেনি ব্ল্যাক'। চালু হোল
১৮৪॰ সালের ৬ই মে।

ডাকমাণ্ডল আগাম নেওয়ার ফলে চিঠি বিলির সময় ডাকমাণ্ডল আদায় করার আর কোনো ঝঞ্চাটই রইল না। সরকারের





জুরিখ



ব্যাসেল ডোভ

লেডি ম্যাকলিয়ড

রাজ্ঞ্বের আর ঘাটতি হবার কোনো সম্ভাবনা থাকলো না। ব্রিটেনে ডাকটিকিট নিয়ে পরীক্ষানিরীক্ষা ও তার সাফ্ল্যের জক্তে অন্যান্ত দেশে ডাকটিকিটের চল থুব সহজ হয়ে এলো। ব্রিটেনের পরই ব্রেজিলে ১৮৪৩ সালে ডাকটিকিটের ব্যবহার চালু হয়। এই বছরেই জুরিখ এবং জেনেভার অন্ত দেশীয় রাজ্যে ডাকটিকিট চালু হোল। এর পরই বাজেলের শাসনাধীন প্রদেশে ১৮৪৫ সালে। মার্কিন যুক্তরাষ্ট্র, ত্রিনিদাদ এবং মরিসাসে ১৮৪৭ সালে। ১৮৪৯ সালে ফ্রান্স, বেলজিয়াম ও ব্যাভেরিয়ায় ডাকটিকিট চালু হোল। ১৮৫০ সালের পর আরও বহু দেশে ডাকটিকিটের ব্যবহার সুত্র হয়।





ভারতীয় ডাকটিকিটের ইতিহাস

ভারতে সবপ্রথম সিন্ধুপ্রদেশেই কাগজের ডাকটিকিটের চল হয়। এটা ১৮৫২ সালের কথা। চালু করেন সিন্ধুপ্রদেশের কমিশনার মিন্টার বার্ট ল ফ্রোর। আগাম ডাকমান্ডল নেওয়ার প্রথাও সুরু হয় এই প্রথম। এই ডাকটিকিটগুলাকে বলা হয় 'সিপ্তে ডক্স্'। এই ডাকটিকিটগুলাক বলা হয় 'সিপ্তে ডক্স্'। এই ডাকটিকিটগুলাক নারাটি ছিলোই ই নিয়, এশিয়াতেও এই প্রথম। এই ডাকটিকিটগুলো নানান রঙে ছাপাইই ইণ্ডিয়া কোম্পানীর চওড়া তীর। ডাকটিকিটগুলো নানান রঙে ছাপাইরেছিলো। সিঁ ছর রঙের ডাকটিকিটই প্রথম বেরোয়। কিন্ধ বেশি দিন চলেনি। কারণ নক্রাটি খোদাই করা হরেছিলো মড়মড়ে একরকমের কাগজে। এরপর সাদা ডাকটিকিট চালু করা হয়। কিন্তু সাদা কাগজের ওপর খোদায়ের ছাপ ভালো দেখা যায় না। তাই শেষ অবধি এও বাতিল করে সাদা কাগজের ওপর নীল কালিতে ডাকটিকিট ছাপা হয়।

'সিণ্ডে ডক্স্'-র পরই সর্বভারতীয় ডাকটিকিটের প্রচলন স্থুর হয়। প্রথম ডাকটিকিটের নক্যাটি ছিলো কলকাতার টাকশালের 'সিংহ ও থেজুর গাছ'। কিন্তু কলকাতার টাকশালে যেসব যন্ত্রপাতি ছিলো ভাতে প্রয়োভ জনীয় পরিমাণ ডাকটিকিট পাওয়া যাবে না দেখে এটা আর ছাণা হয় নি।

এরপর ডেপুটি সার্ভেয়ার জেনারেল ক্যাপ্টেন থুইলিয়ার ডাকটিকিট ছাপার কাজ হাতে নিলেন। তাঁর অদম্য উৎসাহ ও চেপ্তায় ১৮৫৪ সালের সেপ্টেম্বর মাসে প্রথম সর্বভারতীয় ডাকটিকিট ছাপা হোলু। এই ডাকটিকিট ছিলো আধ আনা দামের, রঙ নীল। এতে মহারাণী ভিক্টোরিয়ার ছবি ছাপা ছিলো। পরে এক আনা, তু আনা ও চার আনার ডাকটিকিটও ছাপা হয়। ডাকটিকিটগুলো "লিপোগ্রাফী" অর্থাৎ নক্সা পাণরে খোদাই করে তা থেকে কাগজে ছাপবার যে রীতি তারই সাহায্য নিয়ে ছাপা হয়।

আধ আনা দামের এই ডাকটিকিট নীল রঙে ছাপার আগে লাল রঙেও ছাপা হয়েছিলো মাত্র নশো কাগজে। এই লাল ডাকটিকিটের ধারের নক্সাটা ছিলো কিছুটা আলাদা ধরনের। এই ডাকটিকিট পরে আর ছাপা সম্ভব হয়নি।বিদেশী এই লাল কালি ফুরিয়ে যায়। তাই লাল কালিতে যত টিকিট ছাপা হয়েছিলো সবই নষ্ট করে ফেলা হয়। লাল কালিতে ছাপা এই ডাকটিকিটের একটি আমাদের জাতীয় ডাকটিকিট সংগ্রহশালায় আছে। এই আধ আনা দামের লাল ডাকটিকিট শেষ পর্যন্ত ব্যবহার করা হয়নি। এই ডাকটিকিট '৯২ আর্চ' নামেই পরিচিত। ক্যাপ্টেন থুইলিয়ারের ছাপা এই ডাকটিকিটের উল্টো পিঠে আঠা-লাগানো ছিলো না। এর চারিধারে perforation অর্থাৎ ছোট ছোট কোনো ফুটোও ছিলো না, যার





সাহায্যে একটা ভাকটিকিটকে অন্য আর একটা থেকে আলাদা করা যায়।
১৮৫৬ থেকে ১৯২৬ পর্যন্ত ভারতের ডাকটিকিট ছাপার ভার দেওয়া হয়
লগুনের মেসাস টমাস ভ লা রু এয়াও কোম্পানীকে। রাজা বদলাবার
সঙ্গে সঙ্গে ডাকটিকিটের নম্মা বদলাতে লাগল। মহারাণী ভিক্টোরিয়ার পর
সপ্তম এডওয়ার্ড, ভারপর পঞ্চম জর্জ, পঞ্চম জর্জের পর ষষ্ঠ জর্জের ছবি
ছাপা হোল। ভিন্ন ভিন্ন দামের টিকিট বিভিন্ন রঙে। ১৯২৬ সালে নাসিকে
এক সরকারী প্রেস খোলা হোল। নাম দেওয়া হয় ইপ্টিয়া সিকিউরিটি
প্রেস। ডাকটিকিট ছাপার যাবতীয় দায়িত্ব পড়লো এই ছাপাখানার ওপর।

ি ১৯৩১ সালে দিল্লীর উদোধন হয়। এই উপলক্ষ্যে নতুন ডাকটিকিট ছাপা হোল। এই প্রথম ডাকটিকিটে রাজার ছবি ছাড়াও দৃশ্যের ছবি ছাপা হয়। এটাকেই প্রথম সচিত্র ভারতীয় ডাকটিকিট বলা যেতে পারে। এতে দিল্লীর নানারকম দৃশ্য ও নামকরা সব জায়গার ছবি ছাপা হোল। এরপর বিশেষ বিশেষ ঘটনাকে স্মরণীয় করে রাখার জন্যে সেই সেই উপলক্ষ্যে ডাকটিকিট ছাপা সুরু হয়। ১৯৩৫ সালে রাজা পঞ্চম জর্জের রাজত্বের পাঁচিশ বছর পূর্ণ হয়। এই রক্তত-জয়ন্তী উৎসবে নতুন ডাকটিকিট বেরুলো। ১৯৩৭ সালে ডাকবহনের বিভিন্ন বিষয় নিয়ে ছবি ছেপে ডাকটিকিট বাজারে ছাড়া হোল। দ্বিভীয় মহাযুদ্ধ শেষ হলে ডা স্মরণীয় করে রাখার জন্যে চারটে বিশেষ ধরনের ডাকটিকিট ছাপা হয় ১৯৪৬ সালে।

ভারত স্বাধীন হবার পর বিশেষ বিশেষ ঘটনাকে কেন্দ্র করে বহ রকমের স্মারক-ডাকটিকিট ছাপা হয়েছে। এতে ভারতবর্ষের জীবনযাত্রা ও সংস্কৃতির বিভিন্ন দিক ফুটিয়ে ডোলা হয়েছে। এইসব ডাকটিকিটে আমাদের







দেশের বহা জীবজন্ব, বিভিন্ন পঞ্চবার্ধিক পরিকল্পনার নানান দিক স্থান পেয়েছে। প্রাচীন স্থপতিবিভা. ঐতিহাসিক ঘটনা, এমন কি মাউণ্ট এভারেষ্টের বিজয়ও বাদ পডেনি। শিশুদের জন্মে সামাজিক ও শিক্ষামূলক পরিকল্পনার কথাও এতে আছে। এই-সব ভাকটিকিটেদেশের নেতাদের, স্বাধী-নতা-সংগ্রামীদের, দার্শনিক ও চিম্বা-বিদদের, শিক্ষাব্রতী ও বৈজ্ঞানিকদের, লেখক ও শিল্পীদের ছবিও ছাপা হয়েছে। এইভাবে এইসব মহামানবদের সম্মান দেখানো হয়েছে। ভাকটিকিট আরও রঙচঙে ও আকর্ষণীয় করে ভোলার জুন্সে নানান রঙে ছাপার একটা মেসিন ১৯৭২ সালের মার্চ মাসে সিকিউরিটি প্রেসে বসানো এবার ভারতে নানা বিষয়ের রঙবেরঙের ভাকটিকিট ছাপ। হবে। ভারতের মুখোশ, ভারতীয় সঘূচিত্রের

প্রতিলিপি ও ভারতবর্ষের নাচের বিচিত্র ज्मी निरम जाविं कि छित्र नित्रिक्ष एएए









ইতিহাসে এ হবে এক শারণীয় ঘটনা।
ভারতীয় ডাকটিকিটের ইতিহাসে মনে
রাথবার মতো আরও হুটি ঘটনা আছে।
প্রথমটি উড়োজাহাজ নিয়ে ডাকটিকিটের সিরিজ। কমনওয়েলথ্ দেশগুলোর মধ্যে ভারতবর্ষই প্রথম এই
ধরণের সিরিজ চালু করে। এটা ১৯২৯
সালের কথা। আর দ্বিতীয় ঘটনাটি
ঘটে ১৮ই ফেব্রুয়ারী, ১৯১১ সালে
৬,৫০০ চিঠিও পোষ্টকার্ড উড়োজাহাজ
করে এলাহাবাদ থেকে নৈনী নিয়ে
যাওয়া হয় বিলি করতে। উড়োজাহাজ
করে চিঠি পাঠানোর ব্যবস্থা পৃথিবীর
মধ্যে ভারতেই প্রথম হয়।





উড়োজাহাজের মধ্যে এম. পিকোমে। এই উড়োজাহাজ করেই ১৯১১ সালে প্রথম তাক নিমে যাওয়া হয়। বাঁদিকে ওপরে ঐ উড়োজাহাজে করে নিমে-যাওয়া চিঠিপত্তের ওপর ভাক্যরের শীলমোহর লাগানোর ছাপ।





ডাকটিকিট সংগ্রহের স্বচেয়ে পুরোনো কাহিনী হোল এক ভরুণীর। তার এক অন্তুত স্থ ছিলো। ব্যবহার-করা পুরোনো ডাকটিকিট জমানো। আর তাই দিয়ে সাজ্বর মুড়ে রাখার বাভিক। একাই ভিনি ১৬,০০০ ডাকটিকিট জোগাড় করেন। ১৮৪১ সালে লগুন টাইম্স্ পত্রিকার পাঠকদের অমুরোধ জানিয়ে তিনি এক বিজ্ঞাপন দেন। অমুরোধ তাঁকে যেন আরও ডাকটিকিট পাঠানো হয়। ডাকটিকিট চালু হবার সঙ্গে সঙ্গেই ডাকটিকিট সংগ্রহের পাগলামি আর নেশা ছিলো খুব বেশি। এলোমেলো ভাবে ডাকটিকিট জোগাড় করার এই পাগলামি কিন্তু আন্তে আন্তে কমে আসে। সুষ্ঠুভাবে শৃঞ্জলার সঙ্গে ডাকটিকিট সংগ্রহ স্থর হয়। এই ডাকটিকিট সংগ্রহের নাম 'ফিল্টেলী'। কথাটা ছটো গ্রীক শব্দ নিয়ে—'ফিলোজ' মানে 'অমুরাগী' আর 'এ্যাটেলেস' মানে 'কর থেকে মুক্তি'।

ডাকটিকিট সংগ্রহের এই নেশা আজ সারা পৃথিবী জুড়ে। শুধু ডাকটিকিটের দামের জন্মেই লোকে তা সংগ্রহ করে না। ডাকটিকিটের ওপর
কত সুন্দর সুন্দর ছবিই না ছাপা হয়, কতশত কাহিনীই না থাকে এই সব
ছবির মধ্যে। কত বিচিত্র ঘটনাকেই না কেন্দ্র করে এইসব ছবি ছাপা হয়।
ডাকটিকিট দেখেই বোঝা যায় এগুলো কি ভাবে ছাপা হয়েছে। এককথায়
ডাকটিকিট হোল 'জাতির বাতায়ন-পথ যার মধ্যে দিয়ে সাগরপারের
বাসিন্দারা নিজেদের জীবনধারা, ঐতিহ্য ও প্রকৃতিকে মেলে ধরে'। একটা
জাতির জীবনের প্রতিটি দিক, তার ব্যবসা, তার বাণিজ্য, তার ইতিহাস,



শিল্প, কারুকলা, তার প্রাকৃতিক ইতিহাস, সব কিছুই প্রতিভাত হয় এই ডাকটিকিটে।

ডাকটিকিট সংগ্রহ করাটা এখন শুধু সখ নয়, রীতিমত গভীর অধ্যয়নের বিষয়। ডাকটিকিট যারা সংগ্রহ করে ডারা এখন নিয়মিত দেশবিদেশের ভূগোল, ইভিহাস পড়ে, প্রাকৃতিক জীবন নিয়ে রীতিমত চর্চা করে। ডাক-টিকিটের এ্যালবাম তাই এখন জ্ঞানের ভাণ্ডার। মৌলিক গবেষণার কাজে লাগতে পারে।







#### কি সংগ্রহ করতে হবে

ডাকটিকিট সংগ্রহ যারা করতে চায় তাদের কাছে ছটে। সমস্যা দেখা দেয়। এক 'কি সংগ্রহ করতে হবে' আর ছই 'কেমন করে সংগ্রহ করতে হবে'। একশো বছর আগে সারা পৃথিবীর সব ডাকটিকিট পুরোপুরি সংগ্রহ করা যে কোনো সংগ্রহকারীর পক্ষে সহজ ছিলো। কিন্তু ডাকটিকিট সংগ্রহের ব্যাপারটা যত জনপ্রিয় হয়ে উঠলো তত সমস্ত দেশই এই ডাকটিকিটের মধ্যে দিয়ে তাদের ঐতিহ্য, সংস্কৃতি, শিল্প, নানান প্রাকৃতিক দৃশ্য, ভূগোল, ইতিহাস, বিভিন্ন ক্ষেত্রে তাদের প্রগতি ও অগ্রগতির কথা প্রচার করতে সুক্র করলো।

এমন কোনো বিষয় বা প্রাক্ত নেই যা ডাকটিকিটে ছাপা হয়নি। জনপ্রিয় বিষয় হোলো বিমানডাক, শিল্পকলা, পাখী, প্রজাপতি, যোগাযোগ-ব্যবস্থা, মাছ, নামকরা পুরুষ ও মহিলা, ফুল, ভেষজতত্ত্ব, পেন্টিংস, ইতিহাস, রেলের কথা, ধর্মভত্ত্ব, স্থাউট, মহাশৃত্যের বিচিত্র তথ্য, খেলাধুলো, জাহাজ।


এইসব বিষয় নিয়ে সারা পৃথিবী জুড়ে ১,৮০,০০০ হাজারের বেশি ডাকটি কিট বেরিয়েছে। ৬০০০ থেকে ৭০০০ রকমের নতুন ডাকটিকিট প্রতি
বছরে বেরোয়। তাই তুনিয়ার মোটাযুটি সব রকমের ডাকটিকিট সংগ্রহ
করা আজ একরকম অসম্ভব হয়ে দাড়িয়েছে।

ফলে সংগ্রহকারীরা বিশেষ বিশেষ বিষয় বেছে নেওয়ার অথবা নির্দিষ্ট কোনো দেশ বা অঞ্চলের ডাকটিকিট সংগ্রহ করার ওপর জোর দিতে সুরু করেছে। বলতে কি, গত কয়েক বছর ধরে বিশেষ বিশেষ বিষয় নিয়ে ডাকটিকিট সংগ্রহ করাটাই রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে। এর একটা কারণ এও হতে পারে যে বিশেষ বিশেষ বিষয়ের ডাকটিকিট সংগ্রহের আবেদন আজ্ব আনেক বেড়েছে। যার যে বিষয়ে যত বেশি আগ্রহ সে সেই বিষয় নিয়েই সংগ্রহ সুরু করতে পারে। ভবিষয়তে সেই-ই একদিন সেই বিষয়বস্তুর বিশেষ নামকরা সংগ্রাহক হয়ে উঠবে। বিষয়গুলোকে ছোট ছোট ভাগে ভাগ করতে হয়। বেমন ধরো, পাখীর ছবিওয়ালা ডাকটিকিট। এই ডাকটিকিট-গুলোকে আবার নানান ভাগে ভাগ করতে পারা যায়ঃ যেমন, ডাঙ্গার পাখী, দাস্তের পাখী, শিকার করা হয় যেমব পাখী অথবা শিকারী পাখী।

ভাই ডাকটিকিট সংগ্রহ করার আগেই ঠিক করে নিতে হবে কি কি সংগ্রহ করবে। যে বিষয়ই ঠিক কর না কেন, নজর রাখতে হবে সংগ্রহ যেন সম্পূর্ণ হয়। এলোপাভাড়ি জোগাড় করাটা এড়িয়ে যেতে হবে। সংগ্রহের কাজ সুরু করার আগেই একটা সুষ্ঠু পরিকল্পনা করে নিতে শয়। তা না হলে অল্প দিনের মধ্যেই তোমার উৎসাহে ভাঁটা পড়বে।

ভোগার যা ভালো লাগে সেইরকম একটা বিষয় বেছে নাও। খুব সহজে জোগাড় করা যায় এমন সব ডাকটিকিট দিয়েই কাজ আরম্ভ করো।









'স্বাধীনতার পর ভারতের ডা ক টি কি ট' যেসব বেরিয়েছে তা দিয়েই কাজ সুরু করা সহজ হবে।

#### কি করে<sub>/</sub> সংগ্রহ করতে হবে

প্রথমে শুধু তাকটিকিট
ক্রমাতে আরম্ভ করে।।
প্রচুর ডাকটিকিট পাবে।
বন্ধুদের কাছ থেকে কিংবা
অফিস থেকে। বাড়ীতে যে
সর্ব চিঠিপত্র আসে তার
তাড়া হাডড়ালেও অনেক
পাবে। খাম থেকে ডাক-

টিকিট টেনে ভোলার চেষ্টা করবে না। খামের যেখানে ভাকটিকিটটা লাগানো আছে সেই জায়গার কাগজটুকু কেটে নাও। কাটবার সময় খেয়াল রাখবে যেন চারিধারে খানিকটা খালি জায়গা থাকে। যেসব দোকানে ডাকটিকিট বিক্রি হয় সেখান থেকেও ডাকটিকিটের ছোট প্যাকেট কিনতে পারো। এইসব ডাকটিকিটও কিন্ত ব্যবহার করা, খাম থেকে খুলে নেওয়া। দেখবে ভোমার স্কুলের বন্ধুরা ডাকটিকিট বদলাবদলি করার জন্মে ব্যস্ত। ভোমার কাছে একই ধরনের ডাকটিকিট যা ছটো করে আছে, সেগুলো ভূমি ভোমার বন্ধুদের সঙ্গে বদল করে নিতে পারো।

তোমার কাছে এখন তোমার পছন্দ-করা ডাকটিকিটের বেশ একটা তাড়া হয়েছে। ভাবছো, এগুলো ঠিক ভাবে কোথায় তুমি সাজিয়ে রাখবে? ঘাবড়ে যেও না, এ্যালবাম দেখেছো? বাজারে অনেক রকমের এ্যালবাম পাবে—নানান বিষয়ের ওপর নানান ধরনের। দামও তার নানারকমের। নানারকম ছবিতে ভরা—এগুলো তোমায় ডাকটিকিট চেনায় সাহায্য করবে। তোমাদের মধ্যে যারা স্বেমাত্র



ডাকটিকিট সংগ্রহের কাজ স্থুরু করেছে। তাদের পক্ষে পাতার ছ্'পিঠেই ডাকটিকিট লাগানো যায় এমন এ্যালবাম কেনাই ভালো। এই ধরনের

এগ্রালবামে একটা অসুবিধেও আছে। এগ্রালবাম খোলার সঙ্গে সঙ্গেই ডাকটিকিটগুলা পাতা থেকে উঠে আসার আশল্কা থাকে। ছিঁড়ে যাওয়ার বা খারাপ হবার ভয়ও আছে। প্রত্যেকটা পাতা আলাদাভাবে খুলে নেওয়া যায়, এমন এগ্রালবামই ভালো। এখন ডাকটিকিটের একটা ক্যাটালগ দরকার। এও কিনতে পাবে। এতে ডাকটিকিটের বিশদ বিবরণও পাবে। এছাড়া, প্রভ্যেক বিষয়ে কতগুলো করে ডাকটিকিট বেরিয়েছে ভাও জানতে পারবে। এবার তুমি ঠিক ঠিক জায়গায় ডাকটিকিটগুলো ঠিকমত লাগাতে পারবে।

### ডাকটিকিট লাগানো

ডাকটিকিট লাগানোর কাজ সুরু করার আগে এক প্যাকেট ষ্ট্যাম্প লাগাবার 'হিঞ্জ' (কজার মত জিনিষ) ও একটা সন্না কিনে নেবে।

ভাকতিকিট লাগাতে কখনও শিরিষের আঠা, লেই কিংবা আঠামাখানো ফিতে যাকে 'সেলোটেপ' বলে তা ব্যবহার করবে না। তাতে টিকিটগুলো একেবারে নষ্ট হয়ে যাবে। তোমার দরকার এক প্যাকেট 'হিঞ্জ'। এ হোলো একরকমের খুব পাতলা অপচ শক্ত কাগজের ছোট ছোট সমকোণী চতুর্ভুজ। পেছনে পুরু করে গঁদ লাগানো পাকে। শুকনো অবস্থায় ডাকটিকিটের পেছন থেকে বা এ্যালবামের পাতা থেকে এগুলো খ্যুব সহজেই সরিয়ে নেওয়া যায়। এতে ডাকটিকিটের কোনো ক্ষতি হয় না। 'হিঞ্জে'র দামও বেশি নয়। তাই দেখেশুনে একটু ভালো জিনিষই কিনবে। 'হিঞ্জ' ফালি হিসেবে পাওয়া যায়, এক পিঠে গঁদ লাগানো ও ফ্রা'ট। ব্যবহার করার সময় এগুলো ভাঁজ করে নিতে হয়। যেদিকটায়

গাঁদ লাগানো সেদিকটা বাইরের দিকে রাখবে। মাঝখানে কিন্তু ভাঁজ হবে না। এমনভাবে ভাঁজ করো যেন একটা অন্য ভাঁজের চেয়ে বড় হয়।




ছোট দিকটা লাগানো থাকবে ভাকটিকিটের সঙ্গে আর বড় দিকটা

ভাকটিকিটের জন্মে সন্না ব্যবহার করতে হবে। বুড়ো আঙ্গুল বা অ্যু আঙ্গুল দিয়ে ভাকটিকিট লাগাবে না। এতে টিকিট ময়লা বা নষ্ট হয়ে যেতে পারে। তাই সন্নার দরকার। সন্নায় যেন মরচে না পাকে। খুব ধারালোও যেন না হয়, খেয়াল রাখবে। প্রথম প্রথম সন্না ব্যবহার করতে একটু অসুবিধে হবে। ঘাবড়ে যেও না। ছ-চার দিনের মধ্যেই পাকাপোক্ত হয়ে উঠবে।

সবকিছুই এখন জোগাড় হয়ে গেছে! এ্যালবাম আর সন্না নিমে কাজ সুরু করতে হবে। ব্যবহার-করা ডাকটিকিটগুলো কাগজে লাগানো আছে। টিকিটগুলোকে আলাদা করতে হবে, পুরোনো গঁদের আঠাও ধুয়ে তুলে ফেলতে হবে। ডাকটিকিটগুলো এক এক করে সাজিয়ে নাও। যেগুলো খারাপ মনে হবে, ফেলে দাও। যেসব ডাকটিকিট ছিঁড়ে গেছে বা কোণগুলো কেটে গেছে কিংবা চারপাশের ফুটোগুলো যার নেই বা যার ওপর ডাকঘরের শীল মোহরের ছাপ অনেকবার পড়েছে, সে সব টিকিট বাভিল করো। এতোগুলো জমানো ডাকটিকিট ফেলে দিতে ভোমার মন কেনন করবে। কিন্তু এটা করতে 'কিন্তু' করো। না, বুরলে। তা না হলে ডাকটিকিটের ভালো সংগ্রহ ভূমি করতে গারবে না।

এইবার একটা ভাষগাতে ঠাণ্ডা ভল
নাও। ভাল ডাকটিকিট সব এতে
ডুবিয়ে দাও। ভিজে গিয়ে
ডাকটিকিটগুলো পাত্রের
ডলায় চলে যাবে। এবার
খুব সাবধানে আন্তে
ভাকটিকিটগুলো একটা



১। 'হিঞ্ধ' কিভাবে ভাঁক করা হয়



২। ভ'াজ-করা 'হিঞ্জ' কিভাবে ডাক-টিকিটের পেছনে লাগাতে হয়

একটা করে আলাদা করে নাও।

সব ডাকটিকিট যেন একসকে

জলে ডুবিয়ে দিও না। এক


একবারে অল্প কিছু করে ডাকটিকিট দাও। বেশ কিছুক্ষণ


জলে ভিজিয়ে রাখো। যাডে

ডাকটিকিটগুলো আপনা খেকেই

কাগজ খেকে খুলে আসে। জলে

৩ ও ৪। 'হিঞ্জ' লাগানো ডাক-টিকিট কিভাবে এগলবামের পাতায় লাগাতে হয় ভিজে কোনও কোনও টিকিটের ছাপার কালি উঠে যেতে পারে। এইসব ডাকটিকিট সঙ্গে সঙ্গে জল থেকে ভূলে নাও। না হলে ভালো ডাকটিকিটে রঙ লেগে গিয়ে খারাপ হয়ে যাবে। কাঁচা কালিতে ছাপা ডাকটিকিটগুলো দেখেন্ডনে আলাদা করে নিতে হয়। এগুলো আলাদা পাত্রে ভেজাবে। কাগজ থেকে যেসব ডাকটিকিট আলাদা হয়ে গেছে সেগুলো ময়া দিয়ে ভূলে নাও।






পরিষ্কার একটা কাগজের ওপর ডাকটিকিটগুলো বিছিয়ে দাও। এমনভাবে বিছিয়ে দেবে যাতে ছাপা দিকটা কাগজের ওপর থাকে। শুকিয়ে যাবার সঙ্গে সঙ্গে ডাকটিকিটগুলো কুঁচকে যাবে। শুকিয়ে গেলে সমান করে একটা বইয়ের পাতার ভাঁজে কয়েক ঘণ্টার জন্যে রেখে দাও। দেখবে ডাকটিকিটগুলো সমান হয়ে গেছে।

এইবার ডাকটিকিটগুলো এ্যালবামে লাগাতে হবে। ডাকটিকিটগুলো যেভাবে লাগাতে চাও সেইভাবে এ্যালবামের পাতায় পর পর সাজিয়ে নাও। এইবার 'হিল্ল'-এর দরকার। একটা 'হিল্ল' ভাঁজ কর। মনে আছে তো—সমান ভাঁজ হলে চলবে না। এক দিকটা তিনভাগের এক



ভাগ কিংবা চার ভাগের এক ভাগ ছোট হবে। টিকিটের পেছনে ছোট দিকটা লাগাও। থেয়াল রেখো একেবারে ওপরে লাগাতে হবে, ঠিক ছোট ছোট ফুটোগুলোর নীচে। 'হিঞ্জ' লাগাবার সময় খুব বেশি জল লাগাবে না। বিশেষ করে নতুন ডাকটিকিট যা ব্যবহার করা হয়নি।















































কেন জানো, নতুন ডাকটিকিটের পেছনে যে আঠা আছে সেটা নষ্ট হয়ে যাবে। 'হিঞ্জ'টা এবার ডাকটিকিটের ওপর লাগাও। 'হিঞ্জ'র অন্য দিকটা জলে ভিজিয়ে নিভে হবে। খুব অল্প একটু জলের হাত দিলেই চলবে। এ্যালবামের যে পাতায় যে জায়গায় ডাকটিকিটটা লাগাতে চাও সেই জায়গায় ডাকটিকিটটা ঠিক করে বসাও। আঙ্গুল দিয়ে এবার ডাকটিকিটটায় একটু চাপ দাও। দেখবে 'হিঞ্জ'টা এ্যালবামের পাতায় চেপটে গেছে।

### ডাকটিকিট সাজানো

ডাকটিকিট সংগ্রহ করার সঙ্গে সঙ্গেই ডোমায় খেয়াল রাখতে হবে যেন তোমার সংগ্রহ সম্পূর্ণ হয়। যে ধরনের ডাকটিকিট তুমি জোগাড় করবে বলে ভেবেছো তার কোনটাই যেন বাদ না যায়। সেই বিষয়ের কোনো ডাকটিকিট জোগাড় না হলে ডোমার সংগ্রহ অসম্পূর্ণ থেকে যাবে। তাই প্রথমেই তোমায় জানতে হবে তুমি যে বিষয়ের ডাকটিকিট সংগ্রহ করছো সেই বিষয়ের ওপর কত ভাকটিকিট সবশুদ্ধ বেরিয়েছে। এটা তুমি ঐ ক্যাটালগেই পাবে। সব ডাকটিকিট যদি জোগাড় করতে না পেরে থাকো ভাতে ঘাবড়াবার কিছু নেই। এ্যালবামের পাতায় সেইসব ডাকটিকিটের জায়গা খালি রাখো। কেন জায়গা ছেড়ে রাখতে বলছি তা বুঝতে পেরেছে। নিশ্চয়ই। পরে যেমন যেমন ডাকটিকিট জোগাড় করবে, অমনি সঙ্গে সঙ্গে ঐসব খালি জায়গায় সেগুলো লাগিয়ে রাখবে। এটা স্বস্ময় মনে রেখে। এলোমেলো ভাবে ডাকটিকিট সাজালে চলবে না। নিয়ম করে পরিফার ও নিথুঁতভাবে পর পর ডাকটিকিট **সাজাতে হবে। সুন্দ**রভাবে ডাক-টিকিটগুলো সাজালে এ্যালবাম দেখতেও সুম্পর হবে, ভোমার সংগ্রহের দামও বাড়বে। প্রত্যেকটা ডাকটিকিটের একটা সংক্ষিপ্ত পরিচয় দিতে হবে। ডাকটিকিটের সংক্ষিপ্ত পরিচয় তৈরীর ব্যাপারটাই সবচেয়ে আনম্পের।

এ্যালবামের পাতাগুলোয় চৌথুপ্পী কাটা আছে দেখবে। এই চৌথুপ্পীর চারদিক সমান। এই ঘর গুণে গুণে, প্রভাকটা ডাকটিকিটের মধ্যে কটা ঘর খালি ছেড়ে দেবে তা ঠিক করো প্রথমে। ডাকটিকিট দিয়ে পাভাটা কিভাবে সাজাবে তা এরই ওপর নির্ভর করছে। প্রত্যেক ডাকটিকিটের সংক্ষিপ্ত

পরিচয়ের জন্মে কভটা করে জায়গা ছাড়ভে চাও ভাও ভোমায় এইদঙ্গে ভারতে হবে। ডাকটিকিটের ওপর যেসর কথা ছাপা থাকে না সেগুলিই তোমায় লিখতে হবে। যেমন, কবে ডাকটিকিটটা বাজারে ছাড়া হয়েছে, কেন এই ডাকটিকিটটা ছেপে বাজারে ছাডা হোলো, জলছাপটা কার বা কিলের, চারধারে আলপিনের মত কটা ফুটো, কে এঁকেছে ছবিটা, খোদাই কে করেছে. কোন ছাপাখানা ছেপেছে, কি কাগজে আর কত ডাকটিকিট ছাপা হয়েছে। এসব কিন্তু থব ছোট্ট করে লিখতে হবে। এ্যালবামে ডাকটিকিটের এই ধরনের সালতামামী থাকা খুবই দরকার। দেখো, পাতাটা যেন এই লেখাতেই ভরে না যায়। ডাকটিকিটে-ভরা পাতাটার मिछित (यन नहे ना इय़। পরিচিতি यमि त**ए ह**रिय याग्न जाहरल आनामा একটা কাগজে তা লিখে এ্যালবামে লাগিয়ে দেবে। এ্যালবামের পাতা যেন লেখার ভারে ভারী না হয়ে পড়ে। তেমনি আবার শুধু ডাকটিকিটেই যেন ভরে না যায়। ভাকটিকিটের ঠাসাঠাসি বা বড় বড় পরিচিতি, ছই-ই পাতার সৌন্দর্য নষ্ট করে। ছয়েরই মুষ্ঠু সমবয় হওয়া চাই। ডাকটিকিট আর তার পরিচয় এই হুয়ের ভারসাম্য বজায় রেখে এ্যালবামের প্রভিটি পাতা সুন্দর, করে সাজাতে হবে।

সাজাবার ছক তৈরী করে এ্যালবামের পাতায় ডাকটিকিটের ও তার পরিচিতি লিখতে যেটুকু জায়গা রাখতে চাও, পেন্সিল দিয়ে আলতো করে তার দাগ দাও। পেন্সিল দিয়ে আলতো করে দাগ দিতে বলছি কেন তা বুঝতেই পারছো। কাজ মিটে গেলেই রবার দিয়ে দাগগুলো মুছে ফেলতে পারবে। ডাকটিকিট লাগাবার আগেই কিন্তু সম্পূর্ণ পরিচিতিটা সুন্দর করে লিখে নেবে। খুব সরু ছুঁচোলো স্টেন্সিল কলম দিয়ে কালো স্টেন্সিল কালিতে লিখবে। এতে পাতাটাও সুন্দর দেখাবে।



## ডাকটিকিট ছাপা

ডাকটিকিট কিভাবে ও কেমন করে ছাপা হয় তা জানার কৌতৃহল ভোনাদের স্বাভাবিক। কত ভাবে এই ডাকটিকিট ছাপা হয় তার কথা ভোনাদের ঐ ক্যাটালগে আছে। টাইপোগ্রাফী, অফদেট লিথোগ্রাফী, ইনটাগলিও ও ফটোগ্রেভিওর সাহায্যে ডাকটিকিট ছাপা হয়। আসলে এগুলো ছাপার বিভিন্ন পদ্ধতি। ছাপাথানায় এইসব ছাপার জ্ঞানাযুদ্ধাতি থাকে। এদের কলাকোশল একটু জটিল ধরনের। কিন্তু এদের ছাপার প্রণালী সহজ।

ভাকটিকিট ছাপা হয় চার রকম পদ্ধভিতে: ভাইপোগ্রাহনি

নিজের নাম ও ঠিকানা ছাপাতে তোমর। রবার ষ্ট্রাম্প ব্যবহার করতে দেখেছে। নিশ্চয়ই। রবার ষ্ট্রাম্প তৈরী করে তার ছাপ কাগজের ওপর কিভাবে তোলে তাও দেখেছে। রবার ষ্ট্রাম্পে কালি লাগিয়ে সেটা কাগজের ওপর চেপে ধরলেই কাগজে ছাপ পড়ে। ঠিক এইভাবেই টাইপোগ্রাফীতে অক্ষরগুলো একটা একটা করে সাজিয়ে ছাপা হয়। ডাকটিকিটের নক্সার যে অংশটার ছাপ কাগজের ওপর পড়বে সেই অংশটা সবচেয়ে উঁচু হয়ে থাকে। বাকী অংশ নীচুতে থাকে। ফলে কালি লাগালে যে অংশের ছাপটুকু তোমার দরকার তাতেই কালি লেপে যায়।

এর ওপর কাগজ দিয়ে চাপ দিলেই কগেজে নরাটা উঠে আনে। এইভাবে ছাপানোর পদ্ধতিকেই টাইপেগ্রেকী বা লেটারপ্রেম প্রিকিং বলা হয়। লিখোগ্রাহ্বী

একটু বেশি কালি দিয়ে এক টুকরেচ কাগজে ভোমার নামট লেখা। পোলিল বা কালির দাগ ঘযে তুলে ফেলা বায় যে রবারে বা ইরেজারে সেইরক্ম একটা মাদা নারম ইরেজার নাও। বাগজের কালি ওকিয়ে যাবার আগেই এই ইরেজারটা এ লেখার ওপর আজে চেপে ধরে। দেখবে ভোমার নামটা ইরেজারের গায়ে উল্টোভাবে লেখা হয়ে গেছে। একটুও সময় নষ্ট না করে ভফুনি এ ইরেজারটা বিদ আবার একটা সাদা কাগজের ওপর একটু জোর দিয়ে চেপে ধরে। ভো দেখবে কাগজে ভোমার নামটা আবার সোজা হয়ে ছাপা হয়ে গেছে। ঠিক যেমনটি তুমি গোড়াজে লিখেছিলে। অফ্সেট লিখোগ্রাফা এ ছাড়া আর কিছু নয়। ফটোগ্রাফার সাহায্যে দন্তা বা এ্যালুমিনিয়ম পাতের ওপর যে নক্সটো ছাপা হবে ভার ছাপটা তুলে নেওয়া হয়। এই গাত গেকে কিন্তু সরাসরি কাগজে ছাপা





হয় না 🔻 নরম ইরেজাবের মত ছাপার মেসিনেও একটা রবারের সিলেওার থাকে। দক্তা বা এ্যাল্যিনিয়ম পাতে এইবার কালি লাগানো হয় 'ইছ' বা কালির রোলার দিয়ে। পাত থেকে ছাপটা উল্টোভাবে রবারের গায়ে উঠে আঙ্গে। যে ক'গজ্টা ছাপতে হবে সেটা এবার রবারের গায়ে চেপে ধরা হয়। কাগজে ছাপটা এসে যায় নোজাভাবে। এইভাবে অফদেট লিখোগ্রাফীতে ছাপা হয়।

এনগ্রেভিং

এক টুকরো নরম কঠে নাও। একদিক ভালো করে ঘষে সমান করে।। ভোমার পৌলিল-কাটা ছুরি দিয়ে কাঠটা কেটে কেটে ভোমার নামটা উপ্টো ক্ষে কাঠের ওপর খোদ।ই করো। যেসব জায়গার কাঠ ছুরি দিয়ে কেটে উটিয়ে ফেলেছে৷ সেদ্ৰ জায়গা নীচু হয়ে গেছে, অনেকটা ছোট ছোট গতেন মতো। এ নাচু জায়গাগুলো কালি দিয়ে ভরাট করো। ভরাট কবার সময় দেখৰে উ<sup>\*</sup>চু জায়গাগুলোতেও একটু-আধটু কালি লেগে সেছে। একটা ফ্রদা কাপড়ের টুকরো দিয়ে ঐ জায়গাগুলে। পরিদার করে নাও। এবার একটা ব্রটিং-পেপাব নিতে হবে। ব্রটিং-পেপার কালি শুমে নেয় ভোষরা জানো। ঐ কাগজ্ঞটা কাঠের ওপর লাগিয়ে জোরে চাপ দত্তে। দেখবে কাগজে ভোমার নাম সোজা হয়ে উঠে এসেছে। এনগ্রেভিং-এর সাহান্যে ছাপার পদ্ধতিটাও ঠিক এই রকম। একে ইনটাগলিও ও বলে। ছাপাখানায় কিন্তু এইসব নক্সা খোদাই করে অভিজ্ঞ কৃশলী কারিগররা। নক্যা খোদাই করার পর যন্ত্রপাতির সাহায্যে কাগজের ওপর ছাপা হয়। এই ছাপার একটা বৈশিষ্ট্য আছে। ছাপা-কাগজের ওপর হাত বুলোলেই তুমি বুঝতে পারবে যে ছাপাগুলো কাগজ খেকে একট্ উ চু হয়ে আছে। হন্টোপ্রেভিঙ্কি

ফটোগ্রেভিওর পদ্ধতি অনেকটা এনগ্রেভিং-এর মন্তই। তফাৎ শুধু, নক্সাটা হাত দিয়ে খোদাই না-করে স্ক্রা একটা ক্রীনের মধ্যে দিয়ে নক্সাটার ফটোগ্রাফ তুলে নেওয়া হয়। এই ক্রীনের মধ্যে দিয়ে ফটো তোলার দরুণ নক্সাটা ছোট ছোট বিন্দু দিয়ে তৈরী হয়ে য়য়। এক কথায় ছোট ছোট বিন্দুর মধ্যে দিয়েই পুরো নক্সাটা দেখতে পাওয়া য়য়। এবার ফিল্ম থেকে তামার পাতে এই বিন্দু দিয়ে তৈরী নক্সাটা তুলে নেওয়া হয়। এরপর এই বিন্দুগুলি হাতে খোদাই না করে কেমিক্যালের'র সাহায়ে খোদাই অর্থাৎ ছোট বড় গর্ভ করে দেওয়া হয়। কোনটা অল্প কোনটা গভীর। 'এনগ্রেভিং'এর পদ্ধতির মত এবার কালি লাগালেই ঐ বিন্দুগুলো



কালিতে ভরে যায়। আর এর থেকেই কাগজের ওপর ছাপা হয়। ১৯৫১ সাল থেকে এই পদ্ধতিতেই ভারতে ডাকটিকিট ছাপা হচ্ছে।

ছাপার পন্ধতি তাই বহু ধরনের। প্রভ্যেক পদ্ধতির সুবিধে আর উপযোগিতা আছে।

লেটারপ্রেসে এখনও ডাকটিকিট ছাপা হয়। একবার ছাপা হয়ে গেছে এমন ডাকটিকিটের ওপর আরো কিছু ছাপবার হলে লেটারপ্রেসে ছাপা হয়।

যখন ডাফটিনিট অনেকগুলো রঙে ছাপতে হবে তখন অফনেট লিখো-গ্রাফীতেই ছাপা সুনিধে। নিখুঁত, স্ক্র ও সুন্দর ছাপা এতে হয় না। কিন্তু অনেকগুলো রঙ একদক্রে ছাপা যায়, খরচও কম।


যে সমস্ত ডাকটিকিটের নক্সায় সূক্ষ্ম রেখা বা সূক্ষ্ম কারুকর্যে থাকে না সেদব ডাকটিকিট ফটোগ্রেভিওর সাহায়্যে ভালোভারে ছাপা যায়।

আজকের দিনে ডাকটিকিট ছাপার ব্যাপারটা অনেক সহজ হয়ে এদেছে। এনগ্রেভিং, ফটোগ্রেভিওর, লিগোগ্রাফী—এই সব কটা পদ্ধতির সুষ্ঠু সমন্বয় ঘটেছে। যার ফলে খুব সুন্দর সুন্দর ডাকটিকিট নিখুঁভভাবে ছাপা অনেক সহজ হয়েছে।



# ভুলক্রটি

এইদ্ব জটিল পদ্ধতিতে ডাক-টিকিট ছাপতে গিয়ে অনেক সময়েই ছাপায় নানারকম ভুলক্রটি থেকে যায়। বান্ধারে ছাড়ার আগে ডাকটিকিট-গুলো বেশ খুঁটিয়ে খুঁটিয়ে পরীকা करत रमथा दश । उत्थ किছू ना किছू ভুশভ্রান্তি নজর এড়িয়ে যায়। সাধারণত জিনিষ কেনার সময় আমরা খারাপ



ডাকটিকিট ছাপার সময় নানারকমের ভূপভান্তি হয়। ভারমধ্যে কতকগুলো খুব নাধারণ, হামেশাই ঘটে।

নতুন করে নকসা তৈরী (ফ্রেণ্ এটি )

কখনও কখনও পাতার ওপর খোদাই-করা নস্নাটা তুলে ফেলতে হয়। নতুন করে আবার নক্সা কাটতে হয়। কেন, বলো ভো? আগের নক্সাটা ঠিকমত খোদাই হয়নি বলেই। তুলে ফেলবার সময় আগেকার নক্সাটা যদি পুরো মুছে ফেলা না হয়, **ডবে খোদায়ের** দাগ কিছু কিছু থেকে যায়। বিভীয়বার এর ওপর নক্সাটা কেটে ডাকটিকিট ছাপা হলে ভাতেও ঐ আগেকার দাগগুলো এসে যায়। এই ত্রুটি ষেসব ডাকটিকিটে থেকে যায় তাকে বলে 'ফ্রেস এন্টি' বা নতুন করে নন্না তৈরী। শ্রক্তার মেরামতি (রি এন্ট্র)

সংখ্যায় অনেক ডাকটিকিট ছাপার পর যখন নন্নার পাতটা ক্ষয়ে যায় বা ছাপার সময় কোনো কারণে যদি খোদাই-করা নক্সাটা ভোঁতা হয়ে যায় তথন ভাকে মেরামত করে আবার ছাপার উপযোগী করে নেওয়া হয়।

এই ধরনের মেরামতের পর যে ডাকটিকিটগুলি ছাপা হয় তাদের 'রি এণ্টি' বলা হয়।

### আরেকবার ঘষেমেজে নেওয়া (রি-টাচেস্)

লিপোগ্রাফীতে কিভাবে ছাপা হয় তা তোমরা এখন জানো। নক্সাটা কোনো পাথরে কিংবা তামার পাতে খোদাই করে নেওয়া হয়। সংখ্যায় অনেক ডাকটিকিট ছাপার পর এই খোদাই-করা নক্সার কোনো-না-কোনো অংশ ক্ষয়ে যেতে থাকে। আর এটা প্রায়ই ঘটে। তখন ঐ ক্ষয়ে-যাওয়া অংশটুকু ঘষেমেজে ঠিক করে নেওয়া হয়। অনেক সময় ছাপা ডাকটিকিটে এই ঘষামাজার একটা দাগ স্পষ্ট দেখা ঘায়। একেই বলা হয় 'রি-টাচেস্'। ভিল্টো সোজা ছাপা (টেট্-বেস্)

ছাপার খরচ কমাতে অনেক ডাকটিকিট একসঙ্গে ছাপা হয়। কি করে ? ছাপবার মেসিনের সাইজের বরাবর পাথর কিংবা অন্য কোনো ধাতুর ওপর একই নক্স। অনেকগুলো থোদাই করে নেওয়া হয়। দোজা দিক আর উপ্টো দিক বোঝানোর জন্মে ছাপার পাতে দাগমারা হয়। এই দাগ দিতে বা নক্সাগুলো পাথরের ওপর খোদাই করার সময় কখনও কখনও একটা-আধটা উপ্টো খোদাই হয়ে যায়। ছাপা কাগজ থেকে ডাকটিকিট-গুলো যদি একটা একটা করে ছিঁড়ে আলাদা করে নেওয়া হয় ভবে কোনো



তফাৎ বোঝা যাবে না। কিন্তু এক জোড়া ডাকটিকিটের একটায় যদি উপ্টো-ছাপা আর অন্যটায় সোজা করে ছাপা থাকে তাহলেই ছাপার ভুলটা আমাদের চোখে পড়বে। এই ধরনের ভুল সচরাচর দেখা যায় না। কিন্তু তব্ধ হয়। একেই বলে 'টেট্-বেস্'।

#### দুবার ছাপা (ভাবন্স)

বছ রকমের 'জোড়' আছে। ছাপার সময় একটা কাগজ যদি ছাপার মেসিনের ভেতর দিয়ে ত্বার যায় ভাহলে নক্সাটার ছাপও কাগজে ত্বার পড়বে। প্রথমবারের ছাপের ওপর দ্বিতীয়বারের ছাপটা সমানভাবে যদি



পড়ে তাহলে ছাপার ত্রুটি কিছুই বোঝা যাবে না। কিন্তু একটু নড়েচড়ে গেলেই তা বোঝা যাবে। যত বেশি নড়েচড়ে যাবে ততই ছাপার ক্রটিটা বেশি করে চোখে পড়বে।

কখনও কখনও একটা কাগজের তুটো পিঠই ছাপা হয়ে যায়। সামনের দিকটা সোজা ছাপা হয় আর পেছনের **पिकिटा छेल्टा। जुल शिरमर्व अटा** থবই গুরুত্বপূর্ণ। ডাকটিকিট যারা জোগাড় করে বেড়ায় তারা এই ধরনের ডাকটিকিটের খোঁজে থাকে। তোমার এ্যাল্বামের পাতায় এই ধরনের ডাকটিকিট যদি একটাও থাকে ভবে তোমার সংগ্রহ অমুল্য হয়ে দাঁড়াবে।

ডাকটিকিটে একের বেশি রঙ্থাকলে কাগদ্ধটাকেও একবারের বেশি **ছাপতে হয়। যতগুলো** রঙ**্ত**তবার ছাপতে হয়। প্রত্যেকটি রঙের ছাপা ঠিকমত হওয়া চাই। চুলচেরা তফাৎ হলেই ছাপা অন্যরকম দেখাবে। একটু নড়েচড়ে গেলেই ছাপা-কাগজের নক্রাটা মনে হবে আলাদা। এই ধরনের ছাপায় গ্রমিল-ওলা ডাকটিকিট সংগ্রাহকের কাছে সত্যিই এক তুর্গভ জিনিষ।

চুম্বন ( কিন্)

কখনও কখনও ছাপা হয়ে যাবার পর ছাপা কাগজটিকে সরিয়ে নেবার সময় এটা আবার পাভটায় ঠেকে যায়। ফলে কোনো টিকিটের গায়ে দিতীয়বার একটু-আধটু ছাপ পড়ে যায়। আসলে এটা কিন্ত গুবার ছাপা এই ধরনের ছাপার ভুলকে 'কিস্' বা চুম্বন বলে।

রঙ্ নিখোঁজ (কালার মিদিং)

আবার কখনও কখনও বিতীয় বা তৃতীয় রঙে ছাপার সময় তুটো কাগজ

একই সক্ষে ছাপার মেসিনের মধ্যে চলে যায়। ফলে নীচেকার কাগজটিতে একটা রঙের ছাপ পড়ে না। ডাকটিকিট ছাপায় এমনতরো ভুল সংগ্রহ-কারীরা খুঁজে ফেরে।

#### উল্টো ছাপা (ইন্ভারটেড)

অনেক সময় ডাকটিকিটের চারধার বা ফ্রেমটা এক রঙে ও মাঝখানটা বা আসল নক্সটা অক্স রঙে ছাপা হয়। প্রথমে শুধু ফ্রেমটা এক রঙে ছেপে নেওয়া হয় তারপর আসল নক্সটা। এক রঙে ফ্রেমটা ছাপার পর দিউীয় রঙটা ছাপার সময় মেসিনে কাগজটা যদি উল্টোভাবে লাগানো হয় তাহলে মধ্যিখানের আসল নক্সটাও উল্টো ছাপা হয়ে বেরিয়ে আসে! এই ধরনের ভুল ছাপাকে 'ইন্ভারটেড' বা উল্টো ছাপা বলা হয়।

#### রঙের তারতম্য

অনেক সময় কালি-মেশানোর দোষে একই রঙের ছাপায় ইতর-বিশেষ খুব বেশি চোখে পড়ে। প্রথম দিকের ছাপা ডাকটিকিটেই এই ধরনের রঙের ভারতম্য বেশি ঘটভো।

#### ছাপায় দোষ

ছাপার সময় যদি কাগচ্ছে ভাঁজ থাকে কিংবা ভাঁজের দাগ পড়ে যায়, তাহলে ছাপার পর ভাঁজের দক্ষন একটু সাদা জায়গা ছাপা-ডাকটিকিটের মধ্যে থেকে যায়। কথনও বা নক্সাটির কোনো অংশ এইভাবে ছাপায় বাদ পড়ে যায়। এদেরই বলা হয় 'ছাপায় দোষ' কিংবা 'ছাপার খামখেয়ালী'।

এইরকম বিভিন্ন ধরনের ভূল ছাপা ডাকটিকিট জোগাড় করতে পারলে ডাকটিকিট সংগ্রহের ব্যাপারটা আরও মজাদার হয়ে ওঠে। তাই ডাকটিকিট জোগাড় করার সময় সজাগ দৃষ্টি রাখতে হয়। ডাকটিকিটে এই ধরনের ভূলক্রটি খুঁজে বার করে সেগুলো সংগ্রহ করতে হয়। ব্যাপারটা চিত্তাকর্ষক ছাড়াও ভূলক্রটি-ভরা ডাকটিকিট সংগ্রহকেও মূল্যবান করে ডোলে। সারা ছনিয়ার সংগ্রাহকেরা এই ধরনের ডাকটিকিট জোগাড় করার দিকে কড়া নজর রাখে। হাত বদলানোর সঙ্গে সঙ্গে এইসব ডাকটিকিটের দামও ক্রমশঃ বাড়তে থাকে।

যেসব ভুলক্রটির কথা এডক্ষণ বললাম. এসবই কিন্ত ছাপার ভুল।

কাজেই ছাপায় ভুলচুক থেকে গেছে কিনা তা দেখার জন্মে সবসময়ই সতর্ক থাকতে হবে। ছাপার এই সব ভুলক্রটিই এক একটা ডাকটিকিটকে ইতিহাস-প্রসিদ্ধ করে রেখেছে। উপ্টো ছাপার তিনটে নমুনা থেকেই তোমরা বুঝতে পারবে যে ডাকটিকিট জোগাড় করবার সময় তোমাদের কত খুঁটিয়ে খুঁটিয়ে ডাকটিকিট দেখতে হবে।



ভারতের স্বচেয়ে নামকরা ডাকটিকিটগুলোর মধ্যে ভারতীয় চার আনা উল্টো ছাপা ছবি' মার্কা ডাকটিকিটটাই বিখ্যাত। প্রথম দিকে সারা ভারতে যেসব ডাক-টিকিট চালু করা হয়েছিলো এটি তাদেরই একটি। সার্ভেয়ার জেনারেলের অফিস থেকে ১৮৫৪ সালে এটি লিখোগ্রাফী পদ্ধতিতে ছাপা হয়। এই সিরিজের শুধ চার আনা ডাকটিকিট ছ রঙে চাপা হয়। বাকী সবই এক রঙা। **দাকটিকিটগুলোর চারধার আর** মধ্যেকার নক্সা আলাদা আলাদা করে ছাপা হয়। ছাপার সময় ভেতরকার নক্সাটা উপ্টো ছাপা হয়ে

যায়। ছাপার এই ভূল কিন্তু ১৮৭৪ অবধি ধরা পড়েনি। 'ভারতীয় চার আনা উপ্টো ছাপা ছবি'র প্রায় চব্বিশটি ডাকটিকিট এখনও পাওয়া যায়। প্রত্যেকটির দাম এক হাজার চারশো পাউও অর্থাৎ পঁচিশ হাজার ত্থো। টাকারও বেশি।

ভাকটিকিট ছাপায় ঠিক এই ধরনের ভূল হয়েছিলো মার্কিন যুক্তরাথ্রে, ১৮৬৯ সালে। এক, ত্ই, তিন, ছয়, দশ, বারো, পনেরো, চবিবশ ও নক্বই সেণ্ট দামের দশ রকমের ডাকটিকিট বাজারে ছাড়া হয়। অল্প দামের টিকিটগুলো এক রঙে ছাপা। বেশি দামের চার রকমের ডাকটিকিট ছাপা হয় তুরঙে। বিক্রি ক্রুক় হোলো। সরকারী এজেন্ট মারফং ভাকটিকিট বিক্রি হোত। বিক্রির জন্মে যে সব ভাকটিকিট দেওয়া হয়েছিলো তারমধ্যে পনেরে। সেন্ট দামের ভাকটিকিটের একটা পুরে। পাতার মাঝখানের নক্ষাটা উপ্টো ছাপা। নক্ষাটিতে ছিলোঃ কলম্বাস জাহাজ থেকে নামছেন। পরে চকিশেও তিরিশ সেন্ট দামের ভাকটিকিটেও এই ধরনের ছাপার ভুল ধরা পড়ে। এই উপ্টোছাপা ব্যবহার-না-করা আটটি ভাকটিকিটের কথা আমরা জানি। এর মধ্যে পনেরো সেন্ট্ দামের ভাকটিকিটটাই সবচেয়ে দামী। দাম যোলো হাজার পাউও অর্থাৎ ছুল্ক অন্টুআলী



চব্বিশ দেউ দামের বিমানভাক ভাকটিকিটের মধ্যের ছাপা উল্টো

হাজার টাকা। দামের দিক থেকে এর পরই নাম করা যায় তিরিশ সেতের ডাকটিকিটটির। এর প্রত্যেকটির দাম সাত হাজার পাঁচশো পাউও অর্থাৎ এক লক্ষ পঁয়ব্রিশ হাজার টাকা। উল্টো ছাপা চব্বিশ সেণ্টের ডাকটিকিটের দাম ছ হাজার পাঁচশো পাউও বা এক লক্ষ সডেরো হাজার টাকা।

ভোমাদের মধ্যে যারা সবেমাত্র ভাকটিকিট সংগ্রহ সুরু করেছো, ভাকটিকিট যদি খুঁটিয়ে খুঁটিয়ে না দেখো তবে এই ধরনের মওকা হারাবে। ভাকটিকিট সব সময় খুঁটিয়ে খুঁটিয়ে দেখতে হবে। ঘেমনভাবে দেখতেন মিষ্টার ভবন্ধ, টি. রোবে। ভিনিই সবপ্রথম চব্বিশ সেন্ট বিমানভাক উপ্টো ছাপা ভাকটিকিটটা লক্ষ্য করেন। ১৯১৮ সালের ১৩ই মে মার্কিন

্জিরাপ্ত একটা নতুন চবিবশ সেন্ট দামের বিমানডাক টিকিট চালু করে। ডাকটিকিটটার নম্না ছিলো একটা উড়স্ত বিমান, ছাপা ছ রঙে। ওয়াশিংটনের একজন উৎসাহী ডাকটিকিট সংগ্রহকারী মিষ্টার ডবলু টি রোবে কাছাকাছি এক ডাকঘর থেকে নতুন ডাকটিকিটের একটা পুরো পাতা কিনেই অবাক হয়ে দেখেন যে টিকিটের মাঝখানকার উড়োজাহাজটি উপ্টে রয়েছে। তাঁর ডাকটিকিটের পুরো পাতাটা আজও এক সুত্র্গভ বস্তু হয়ে আছে। এক হপ্তা পরে তিনি এটা বিক্রি করে দিলেন পনেরো হাজার ডলারে অর্থাৎ এক লক্ষ দশ হাজার টাকায়। পরে আবার হাত বদল হোলো বিশ হাজার ডলারে বা এক লক্ষ সাত্তচল্লিশ হাজার টাকায়। কিনে নিলেন কর্নেল গ্রীন বলে এক ভক্তলোক। তিনিই এই ডাকটিকিটগুলো নানাভাবে ভাগ করে নিলেন। একসঙ্গে চারটে, কিংবা শুধু একটা করে। ১৯৪০ সালে একটা ডাকটিকিট বিক্রি হয় চার হাজার একশো ডলারে বা ত্রিশ হাজার ছশো

ডাকটিকিট সংগ্রহ করা কত উত্তেজনার ব্যাপার তা এ খেকেই ব্রতে পারছো। মওকা লাভও হতে পারে এ থেকে। তোমার সংগ্রহের কোনো একটা টিকিট যে কোনো একদিন অমূল্য হয়ে উঠতে পারে। ডাকটিকিট সংগ্রহ থেকে ভূমি অনেক কিছু শিখতে পারো, বহু দেশ সম্বন্ধে অনেক কিছু জানতে পারো। এই শখ কত রোমাঞ্চকর, না? অবসর সময় কাটাবার কি সুন্দরই না উপায়। এতে আনন্দ আছে আর আছে জান আহরণের অপূর্ব সুযোগ। ভোমার কাছে ভোমার এই এ্যাসবাম সাধারণ জ্ঞান ও তথ্যের একটা ছোটোখাটো এনসাইক্রোপিডিয়া।



























































DR. RADHAKRISHNAN - ST. ZTETTETHT -------































































अन्तरींहीय पर्यटन सर्प 1967 पे 15 P







MERNAHONA IC.

AJIP CI
INDIA



































































#### ডাকটিকিট সংক্রান্ত পরিভাষ'

আডিইনিজঃ ডাকটিকিটের পেছনে আঠা লাগান থাকলে তাকে আডি-হীসিভ বলা হয়। এতে জল-হাত দিয়ে যে কোনো জারগায় ডাক-টিকিটটা এঁটে দেওয়া যায়।

ঞালবিনো ঃ ছাপা ভাকটিকিটের কোনো অংশে ছাপার দাগ-না-পড়া। খোদাই-করা ডাকটিকিটেরবেলাডেই বেশী দেখা যায়।

বাইসেক । ভাকটিকিটকে সমান গ্ৰভাগে ভাগে করা। সাধারণত কোনাক্নিভাবে ভাগ করা হয়। একটা চার আনা দামের ডাকটিকিট কেটে গু আনার ভাকটিকিট হিসেবে বামের ওপর লাগিয়ে ব্যবহার করা। অনেক সময় অনেক দেশে জক্ররী অবস্থায় এই ধরনের ডাকটিকিট ব্যবহার করা। হয়েছে।

বিশপ্ মার্ক ঃ ১৬৬১ দালে হেন্রী বিশপের প্রবৃতিত নামকরা হাতেমারা গোল শীলমোহর।

বুক অফ স্ট্যাম্পস্ ই চার বা তার বেশি ডাকটিকিটের গোছা যা একসঙ্গে কোড়া থাকে। ডাকটিকিটের শ্রমা ফালি নয়।

ক্যাচেট ঃ বিশেষ কোনো ঘটনাকে
কেন্দ্র করে ডাকটিকিটের ওপর ডাকবরের যে শীলমোহর মারা হয়। এর
শাহাযো বোঝানো হয় যে ডাকটিকিটটা ব্যবহার করা হয়ে গেছে।
যেমন ধরে। ডাকটিকিট বের হওয়ার
প্রথম দিনের লেফাপা, কোনো বিশেষ
অভিযান উপলক্ষ্যে কিবে। কোনো

বিশেষ ধরনের বিমান চলাচল উপলক্ষে ভাক্ষরের শীলমোহর। ক্যান্সেলেশন ঃ ডাক্টিকিটের ওপর ভাক্ষর যে ছাপ মেরে দেয়। এই ছাপ মেরে বোঝানো হয় যে ডাক-টিকিটটা বাবহার করা হয়ে গেছে। ডাক্তব্বের মোহবের ছাপ কিংবা ক্লম দিয়ে কাটার দাগও হতে পারে। 'নমুনা' এই ধরনের কথা লেখা উ্যাম্প লাগিয়ে বা কোনো যন্তের সাহায্যে ভাকটিকিটের ওপর ছোট ছোট ফুটো করে দেওয়া হয়। সে•টার্ড ঃ ভাকটিকিটের মধািথানের নস্থাটা যখন ফ্রেমের চারদিক থেকে সমান দুরে থাকে। এই দুরভের কম विभ हेलहे तिहे छाविष्ठिष्ठे अपूना ব্দিনিব হয়ে ওঠে। কয়ল স্ট্যাম্প ঃ মেসিনের মধ্যে দিয়ে বেরিয়ে-আসা ভাকটিকিট যা একটা একটা করে ছিঁড়ে নেওয়া হয়। সাধারণত ডাক্তরের বাইরে বিক্রি করা হয়। এগুলো সমানভাবে ছড়ানো থাকে। জনহাণটি থাকে পাশের দিকে। একে হোলও বলা হয়। কমিনেশন কাভার: यथन . अटक्ब्र অধিক দেশের ভাকটিকিট একটা লেফাফার ওপর দেখা যায়। কাভারঃ খাম বা লেফাফা যাভে ভাকটিকিট লাগানো থাকে। ডেফিনিটিভ ইশিউস্ঃ একটা দেশে যেসৰ সাধারণ ভাকটিকিট ছেপে বাজারে ছাড়া হয়। এর ব্যতিক্রম হোলো আর্ক-ডাকটিকিট

সাহায়ার্থে বিশেষ ডাকটিকিট। ভাইঃ খোদাই-কথা ধাতৃত্ব আদল ष्यं मेरि। क्यन् क्यन् ध्राक ष्यान्न ছাঁচও বলা হয়। ছাপার আগে প্লেট ৰা পাতের ওপর এবই সাহায্যে ছাপ তুলে নেওয়া হয়। अन्हामात् : शृत्ता थाय, शिक्षेकार्ड বা লেফাফা যাতে ভাকটিকিট লাগানো পাকে। এরার্ঃ চল্ডি ডাক্টিকিটের কোনো একটাভে যখন কোনো ভুলক্রটি शांदक । এসেজঃ ভাকটিকিটের জন্যে পাঠানো নক্সাবা বাতিল করা হয়। ফাস্ট-ভে-কভারঃ নতুন ডাকটিকিট চাপু হওয়ার প্রথম দিনে ডাক্বরের মোহর করা ভাকটিকিট-লাগানো খাম। ফিক্সাল্ঃ ডাক্মাণ্ডল ছাড়া অন্য क्त्र थालार्यक करना रय हिकिछ বাবহার করা হয়। ইম্পারফোরেটঃ যে ডাকটিকিটের চারধারে ফুটো থাকে না। পাতা থেকে যা কেটে নিতে হয়। हैनडाखेंड : चर्नक नगर होता डाक-টিকিটের নক্সার অংশবিশেষ উভেটা-ভাবে ছাপা থাকে। ধেমন, রাজার মাথা অথবা ডাকটিকিটের দাম। কিলার্ঃ ডাক্ঘবের শীলমোহর যখন মোটা করে ভাকটিকিটের ওপর মারা व्य उथनहे अहे मक्ते। बावहां करा

মিনিয়েচার শিউঃ বিশেষভাবে ছাপা

ডাকটিকিটের একটা পাতা বা শিট।

ক্ষনত ক্ষনত আর্বকচিক হিসেবে

रुग्र ।

এতে একটা ভাকটিকিট থাকে। মিণ্টুঃ ব্যবহার না-ক্রা লাগানো একটা ডাকটিকিট। মালরেডিঃ ১৮৪০ সালে গ্রেট ব্রিটেনে স্বপ্রথম আগাম মান্তল দেওয়া খাম। উইলিয়ম মালবেডি এর নক্সা তৈরী করেছিলেন। ওভারপ্রিণ্ট্ঃ প্রথম দফায় ছাপার পর ভাকটিকিটের ওপর আবার ছাপা। পানচিং মেসিনের পারফরেশন্ ঃ দাহায়ে ডাকটকিটের ধারগুলো ফুটো ফুটো করে দেওয়া হয়। ছটো ভাকটিকিটের মাঝধানে ছোট ছোট গোল ফুটো তৈরী হয়। অনামাসেই ছুটো ডাকটিকিটকে তাই সহজেই ছেঁড়া যায়। ছুসেন্টিমিটার জায়গার মধ্যে কভগুলো ফুটো আছে তা গুনে প্ৰতিটি ফুটো কত বড় তা মাপা হয়। তাই পাফ সাড়ে বারো, পাৰ্ফ পনেবো বলভে বোঝায় যে ঐ মাপের জায়গায় কভগুলো করে ফুটো আছে। किलाएँ लिक् विউরো : একটি সরকারী প্রতিষ্ঠান, সব দেশের সরকারই এই ধরনের প্রতিষ্ঠান তৈরী করেন। ডাক-ঘরের সঙ্গে এই প্রতিষ্ঠান সংশ্লিষ্ট। এদের কাজ-কারবার ডাকটিকিট বারা

শংগ্রহ করেন তাদের নিয়ে।

প্লেট নামারস্ঃ কোনে। কোনো

দেশের ছাপা ভাকটিকিটের ধারে ধারে নম্বর ছাপা থাকে। এটা

ধোদাই-করা যে পাত থেকে ছাপা

হয়েছে তার ক্রমিক সংখ্যাই নির্দেশ করে। ১৮৫৮ থেকে ১৮৮০ সালের মধ্যে গ্রেট বিটেনে যত ভাকটিকিট বৈরিয়েছে তার সংকতেই এই ক্রমিক সংখ্যা দেওয়া আছে। এছাড়াও অনেক ডাকটিকিটেই এই ক্রমিক সংখ্যা ছাপা থাকে।
পোল্টাল হিস্টার ঃ চিঠিপত্রের আদান-প্রদানের একেবারে গোড়া থেকে সুক্র করে সারা ছনিয়ার ডাক ব্যবস্থার ধারাবাহিক ইতিহাস। ডাকবিভাগের ইতিহাসের ছাত্র, ডাকটিকিট সংগ্রাহক নাও হ'তে পারে।
পোল্টাল ভেশনারী ঃ খাম, পোস্টকাড এবং লেফাফা যাতে ডাকটিকিট ছাপা

বা বোদাই করা থাকে।
কোয়্যাদ্রিল ঃ জ্বলছাপ অথবা আড়াআড়ি রেখায়, ভরা কাগজ যাতে
ছোট ছোট চৌধুগ্নী আছে।

बाउँ लाउँ : (इक्टें क्टिंग क्टिंग करव

ুক্টো ডাকটিকিটকে আলাদা করার পছতি থেকে এটি সম্পূর্ণ বড়ন্ত্র। ডাকটিকিট আলাদা করার এটি আর একটি পছতি। কাগজের ওপর শুধ্ কটোর দাগ দিয়ে দেওয়া হয়।

সে-টেন্যাণ্ট ঃ সুখানা ডাকটিকিট ভিন্ন
ভিন্ন নস্কার বা বিভিন্ন রঙের হয়েও
একদক্ষে কোড়া থাকলে এই শক্ষ ব্যবহার করে ডাদের বোঝানো হয়।
টেট্-বেস্ঃ ছ্থানা ডাকটিকিট যখন একসঙ্গে জোড়া থাকে আর ডার একটা উল্টো ছাণা থাকে।

ভীনিয়েট্ঃ ভাকটিকিটের মধ্যিখানের আগল নক্স। বা ডিকাইন। ওয়াটার মার্ক্ঃ কাগ্রু তৈরীর সময়

কাগজের গামে যে জল ছাপ দেওয়া

ह्य ।

প্রতিটি দেশ ও তার ডাকবিভাগ প্রথম কবে ডাকটিকিট চালু করেছে তা জানতে স্তিট্র কোতৃহল জাগে। সংগ্রহকারীদের সুবিধের জন্মে নীচে তা দেওয়া হোলোঃ

১৮৪০ গ্রেট ব্রিটেন

১৮৪৩ ব্রেজিল, জেনেভা, জুরিখ

১৮০ ব্যাদেল, যুক্তরাফ্ট (পোষ্ট-মান্টার দারা)

১৮৪৭ মরিসাস্, যুক্তরাফ্র (সরকারী-ভাবে), ত্রিনিদাদ

১৮৪৮ বারমুতা

১৮৪৯ ব্যাভেরিয়া, বেলজিয়াম, ফ্রাল

১৮৫০ অন্ত্রিয়া, ব্রিটিশ গায়ানা,
হ্যানোভার, নিউ শাউপ
ওয়েলস্, প্রুসিয়া, গ্যাক্সনি,
শ্বেষউইগ্রোলফীন, স্পেন,
সুইকারল্যাণ্ড, ভিক্টোরিয়া

১৮৫১ ব্যাডেন, কানাডা, ডেনমার্ক, হাওয়াই দ্বীপপুঞ্জ,নিউ আনস্-উইক, সারডিনিয়া,টাসকেনি, উরটেমবার্গ

১৮৫২ ৰাৱবাডোস, ত্ৰান্স্উইক,
দি নেদায়দ্যাগুস্, ভারতবর্ষ,
দাক্ষেমবুর্গ,মোডেনা, ওলডেনবার্গ, পার্মা, রিইউনিয়ন,
রোমান ষ্টেট্স্, থান এবং
ট্যাক্সিদ

১৯৫০ উত্তমাশা অন্তরীণ, চিলি, নোভা হোটিয়া, পতুর্গাল, টাসমানিয়া ১৮৫৪ ফিলিপাইন দ্বীপপুঞ্চ, পশ্চিম অস্ট্রেলিয়া

১৮৫৫ ব্রেমেন, করিয়েন্টেস্, কিউবা এবং পোর্টোরিকো, ভেনমার্ক অধিকৃত ওয়েক্ট ইণ্ডিঙ্গ, নিউ-জিল্যাণ্ড, নরওয়ে, দক্ষিণ অফ্টেলিয়া, সুইডেন

১৮৫৬ ফিনল্যান্ত, মেকলেনবার্গ, দোমেরিন, মেল্লিকো, সেন্ট ছেলেনা, উক্তথ্যে

১৮৭৭ দিলোন, নাটাল, নিউফাউণ্ড-ল্যাণ্ড, পেক্

১৮৫৮ আর্জেটাইন বিপাল্লিক, বোহেন্স্ আয়ার্স্, কর-ভোঝ, নেপন্স্, মলভাভিয়া, পেকু, বাশিয়া

১৮৫১ বাহামাস্, কলজিয়ারিপারিক,
ফরাসী উপনিবেশসমূহ,
হামবুর্গ, আইওনিয়ান দ্বীণপুঞ্জ, লুবৈক, রোমাগ্না,
দিমিলি, ভেনেজুয়েলা,
দিয়েরা শিওন

১৮৬০ জাগোইকা, লাইবেরিয়া, মান্টা, নিউ ক্যালিডনিয়া, কুইন্স্ল্যাণ্ড, সেন্ট স্পিয়া, পোল্যাণ্ড, ব্রিটশ ক্লাখিয়া এবং ভ্যানকোভার দ্বীপ

১৮৬১ বারগেডফর্, কনফিডারেট টেট্স্, গ্রীস, গ্রেনাডা, নিদ্ধা-পশিটান প্রভিজেস্, নেভিস্, প্রিন্স এডওয়ার্ড দ্বীপ, সেন্ট ভিনসেন্ট, ফক দ্বীপপুঞ্জ

১৮৬২ এটান্টিগুয়া, হংকং, ইতালি ( রাজ্য ), নিকারাগুয়া

১৮৫৩ বলিভা, তুরস্ক সামাজা ( কশ ডাক্ষরসমূহ ), কফীরিকা, তুরস্ক, ওয়েনভেন

১৮৬৪ ওলন্দাক ভারতীয় দ্বীপপুঞ্জ, হোল্ডিন, মেকলেনবার্গ-ফ্রেলিক, সোরাধ স্লেবউইগ

১৮৬৫ ভোমিনিকান বিপাৱিক, ইকোমাডৱ, · কুমানিয়া, সাংহাই

১৮৬১ বলিভিয়া, ব্রিটিশ হও্রাস, মিশর, হও্রাস, জগ্ম ও কাশ্মীর, সার্থিয়া, ভারন্ধিন্ দ্বীপপুঞ্জ

১৮৬৭ চায়াপাশ, গুফাদালাজারা, হেলিগোল্যাণ্ড,তুরস্ক দান্রাণ্ড্য (অফ্টিয়ান ডাক্বরসমূহ), দালভাড্র, ফ্রেট্স্ দেটল্-মেন্টস্, টার্কস্ দ্বীপপুঞ্জ

১৮৬৮ এান্টিক্ইয়া, আবোরস্, ফার্নাণ্ডো পু, মাাডিরা, উত্তর জার্মাণী রাজ্যপুঞ্চ, অবেঞ্জ রিভার উপনিবেশ ( ও এফ এস ), পারস্য

১৮৬১ গান্বিয়া, হায়দ্রাবাদ, সারা-উইক,ট্রান্সভাল (এস:এ-আর)

১৮৭০ আফগানিস্থান, আলসেস্ লবেন, এাাঙ্গোলা, কাণ্ডিনা– মার্কা, ফিজি, পাারাগুয়ে, সেন্ট ক্রিটোফার, 'টোলিমা, সেন্ট টমাল এবং প্রিক দ্বীপপুঞ্জ

১৮৭১ গুয়াতেমালা, হাঞ্বৌ, জাণান

३৮१२ जार्गानी

১৮গত কিউৰা, কিউৱাকো, আইস-

लाा ७. (शार्टी विट्ना (त्लान পিয়ের এবং মিকোয়েলন, অধিকৃত), সুরিনাম দক্ষিণ বুলগেরিয়া, ডোমিনিকা, গ্রিকোয়াল্যাও, 31-98 সাম্রাজ্য 🗹 ব্রিটিশ ডাক্দর-জিন্দ, লাগোপ, মন্টেনেগরো, সমূহ ), **जब** <u>ৰাখাকা</u> তুরস্ক সামাজা (ইডালীয় (ফরাদী ডাক্ঘরসমূহ) ডাক্বরসমূহ ) বেচুয়ানাল্যাও গোল্ড কোষ্ট চাম্বা, কোচিন, বেলজিয়ান 3694C ठेक्च**र** কলো, ফরাসী গায়ানা, গ্যাবুন **ज्**रान, यह राजवाह, श्रृक, 3695 ক্যান্শেচে, क्विवान्रोत्र, भाष्टिनिक्, निष् কোহোর. রিপাব্লিক দক্ষিণ আফ্রিকা, মোকামিক্ আলওয়ার, ভার্ড অন্তরীপ, টোলা, ইন্দোর, টিমোর 3699 ঝালওয়ার, সেনেগাল নহানগৰ, সামোহা, সান >>6446 षाद्याम अवर (होनकुहैन, **ম্যান্নাইনো** 3666 ত্রিবাক্ষর, টিউনি শিয়া, ওয়াধ-হওঁৱাস চীন, পানামা, 7646 পেরাক, সুঙ্গেয়ী উভং ওয়ান, জুলুল্যাও, বামরা ফরাসী মাদাগান্ধার, ইন্দো-ভোর, বোসনিয়া এবং হার-2645 7449 **होन, (नांत्रित, (नांग्रांकि-**क्टिगां छिनिया, व्नरगिवधा, কাউকা, ফরিদকোট, লাবু-मार्थ, भाराह, বিটিশ পূর্ব আফ্রিকা, বিটিশ য়ান, দিরমুর, টোবাগো 2450 गारेथाम, पूर्व (योप्यनियं), দক্ষিণ আফ্রিকা (রোডে-13 P.P. B সিয়া), ডিয়েগো-সুয়ারেজ, রাঞ্জপিপলা হাইভি, নেপাল, পতুঁগীজ লীওয়ার্ড দ্বীপপঞ্জ, সেই-কেলেস্ গিনি, সেলাঙ্গর ফরাসী কলো, মরোকো বাাদ্ধক (ব্রিটশ ভাক্ষর-2492 7446 (ফরাসী ডাক্বরসমূহ),নেগরী সমূহ ), ভাহিতি (मम्विनान, निमानाना। ७ উত্তর বোণিও, খ্যামদেশ ১৮৮৩ গুয়াদেল্পে, মাকাও, মাদা-(थारिक्टेरवरे (वि. मि. अ), 3648 টিয়েরা স্ত ফিউগল (বি. সি. এন), গাস্তার আঙ্বা, আন্লোয়ান, সাস্তানদের, 3422 পাতিয়ালা, ফেলালাণ্ড, তুব্ধ সামালা (वनिन, (कांहिन, क्क घौल-পুঞ্জ, ফরাসী গিনি, ফানচাল, ডাক্থ্রদমূহ ), (ভাৰ্মাণ হোর্ডা, আইভরি কোষ্ট, কোরিয়া মেয়োট, মোজান্বিক কোং, গুয়ানাকান্তে, গোয়ালিয়ন, Ddde কোষ্ট (অয়েল নাইগার

যোনাকো, নাভা,

রিভারস্), ওবোক, ওশিয়াানিক দেট্ল্মেন্টস্, পোন্টা
ডেলগাড়া, রাজনন্দর্গাও
ছডিয়া, ইরিজিয়া,টাঙ্গানাইকা
(জি. ই. এ), জিবাউট
৮১৪ আবিসিনিয়া,বৃন্দি, চারখারি
(ডাকঘরসমূহ), ফ্রাসী

১৮৯৪ আবিসিনিয়া,বৃন্দি, চারখারি
(ভাক্বরসমূহ), ফরাসী
সুদান, পৌরেজো মার্কোয়েস,
টে মারী ত মাদাগাস্কার,
জাবেসিয়া, জাঞ্জিবার
(ফরাসী ডাক্বরসমূহ),
পূর্ণীক্ষ কলো

১৮৯৫ ইনহামবেন, বুসাহির, উগাণ্ডা, জাঝিবার (ব্রিটিশ)

১৮৯৬ হোণ্ডা, তুরত্ক দামাজ্য (কুমা-নিয়ান ভাক্তবসমূহ), মালা-গাস্কার (ফ্রাদী ভাক্তব-সমূহ)

১৮৯৭ ক্যামেকন্স্, চীন (জার্মাণ ভাক্ষরসম্ছ), ধার্, জার্মাণ, দক্ষিণ-পশ্চিম আফ্রিকা, গ্রাণ্ড কোমোরো, লাস বেলা, মার্শাল দ্বীণপুঞ্জ, নিয়াসা, সুদান, টোগো

১৮১৮ ক্রীট্ (ব্রিটশ ডাক্বরসমূহ), মরোক্নো (ব্রিটশ ডাক্বর-সমূহ), পর্তু শীল আফ্রিকা, থেস্যালি, জার্মাণ নিউ গিনি

১৮৯৯ বয়াকা,ক্যায়োলিন দ্বীপপুঞ্জ,
দাহোমে, মিশর (ফরাসী
ভাক্ষরসমূহ), গুয়াম,
কিষেণগড়, মবোকো
(জার্মাণ ভাক্ষরসমূহ),
কিউবা

১৯০০ ক্রীট, চীন (জাপানী ডাকঘরসমূহ), কোরিয়া (জাপানী
ডাকঘরসমূহ), ক্রীট্ (ইতালীয়
ডাকঘরসমূহ), সম্মিলিড
মালয় রাজ্য, জার্মাণী অধিকৃত লামোয়া, কিয়াউট দেট,
ম্যাঝিয়েন দ্বীপপুঞ্জ, উত্তর
নাইজিরিয়া, টার্কস্ এবং
কাইকোস দ্বীপপুঞ্জ

১৯০১ মাগভালেনা, পাপুয়া (বি. এন জি), দক্ষিণ নাই-জিবিয়া, কেম্যান দ্বীপপুঞ্জ, সাইবেনাইকা

> ৯০২ জীট (ফরাসী ডাক্বরসমূহ),
ফরাসী সোমালি উপকূল,
নিউই, পেন্রিন্ দ্বীপপুঞ্জ,
স্পেন অধিকৃত গিনি

১৯০৩ আইতৃতাকি, ব্রিটশ সোমালিল্যাণ্ড, ক্রীট (অফ্রিমান
ডাক্ঘরসমূহ), পূর্ব আফ্রিকা
এবং উগাণ্ডা, এলোবে,
এানোবন এবং কোরিস্কো,
সোমালিয়া, মরোক্রো
(স্পেনীয় ডাক্ঘরসমূহ),
সেন্ট কিট্স্নেভিস, সেনেগাম্বিয়া এবং নাইগার

>>०८ वयभूव, भानाभा कार्तन जान्

১৯০৫ বাষো ডি ওরো

১৯•৬ জনে, মালডিড্ দ্বীপপুঞ্জ,
মরিটানিয়া, মোহেলি, সেনে
গাল-এর উচ্চতর এলাকা
এবং নাইগার

১৯০৭ ব্রিটিশ সলোমন দ্বীপপুঞ্জ, ক্সোর মধ্য এলাকা

১৯ । निष्ठे (स्वाई िक আলজিরিয়া, লেবানন, মঙ্গো-3958 2970 (धेन्शाय, जिल्लानिकानिया, লিয়া, দক্ষিণ রোডেসিয়া, দক্ষিণ আফ্রিকা সম্মিলিত স্পেন অধিকৃত সাহাগ্না वाषा 2:66 वानि ७ उरे हिम, ज्राना ७, शिमवार्षे 8 अभिम् दीनपृत्रा 2977 উত্তর রোভেসিয়া क्नान्डान, जिला ( होना উত্তর মঙ্গোলিয়া 7950 (ভার, ডাক্বরসমূহ) त्छोछ।), हरग्रस्मन 2525 (कड़ा, नाहेह हिनकाहेन, 4566 **अारिकां**बा তিব্বত এবং এজিয়ান দ্বীপ-ভাটিকান গিটি 6566 어정 মোর্ভি 1001 2270 वानवानिया, व्यक्तिया, रेनिनि, মাঞ্জিয়। 1905 अज्ञा, जिनिनान, টোবাগো ००६६ বাহ বেন, বাগুভোলাাও निউ शिनि, नारेकितिश 8666 বিজাওয়ার 3006 2978 জুরি অন্তরীপ, नाउंक. এডেন, বার্মা 1201 खेवांड छहे हाति, গ্রীণল্যাণ্ড, হেতে, ইতালীয় রুয়ান্দা-1904 छेक्नि, भोिन आदिविश পূৰ্ব-আফ্ৰিকা 4666 (हरकारमाञ्चाकिया. এডো-ইডার, শ্লোভাকিয়া 2302 নিয়া, ফিউমে, ল্যাটভিয়া, ফারো দ্বীপপুঞ্জ, পিটকেয়ার্ন >>80 रेत्राक्, निश्यानिया, भारत-हो न नुष खारेन, रेजेटकन्, यूर्णाझा खिया हारिन शीपपूछ, व्काशामिया, C866 2979 বাতুম, জজিয়া, সাংহাই **हेक**नि कान्नान, भिर्त् अवः भूक्ला ( যুক্তরান্ত্রীয় ডাক্বরসমূহ ), 5866 সিরিয়া ক্যাম্পিয়নি, ফকল্যাণ্ড 8866 1950 मधा लिथुशानिशा, जानिक्तर्, बीलियं अधीनह तांकामगृह, মুস্কাট, ল্লোভেনিয়া আর্মেনিয়া, সাইলেসিয়া, ভেনেজিয়া গিউলিয়া এবং रेकांबगान नााख, (कांजान, 2866 ভোল্টার ইল্লিয়া, ফরমোসা, ইন্দো-भारमन, जांब. নেশীয় গণরাজ্য, ভিয়েৎনাম উপরের এলাকা, ওয়ালিস ফিজান, চীন (পিপলস্ धवः कृष्ट्रेना बीललुक \$38€ 2952 বিপারিক), উত্তর ভিষেৎ-राज अमानि, नारेगान, छोटगा 2255 নাম, দক্ষিণ ভিয়েৎনাম थारिमनमन, বারবুড়া, নরফোক দ্বীপ, পাকিস্তান, व्यागावनार्थ, ठाउ 5289 2250 क्षार्यात, लीश व्यक तमन्त्र, **जि**र्याख हेळारमन, ৰাহাওয়ালপুর, ট্রান্সককেশিয়ান ফেডারেশন 3386

लाम्ब्रह्मा 6966 मह्राष्ट्रीक विद्वा 9966 STED नाम-थाहेश, जारिया, मान-क्रिक्री, वात् वाति, वात-하~임 마다 ्राह्माम , विक्रीम है। 8966 ब्रियामाह ब्राम्यम् थेव्यक्ति) (किनिश्न), मोत्रक्तीक, धन्द क्षातिक, (होरती (स्मीमिक Lace विविध सिवा, ध्वीहे, **টিটিনিসিয়** क्रम्दर भागरभ्रामा, मृद्रिम वावूव 2500 ल्यानिष्या अवः निष्यानाम् 8966 निति छिने प्रतनीन डिम्कू थि निक् श , फिनिहा, तुक्कि, त्वावान्ता, 2995 , नील वार कि शिल, 2565 १७०१ मित्रान (क्ट्रेम मिनिविष अस्तिविष क्षिति मिलि मिलिया बीवानुख, जास्य, जिदिश, मुनि, मोरहोरम निवास, हिरिश्चीक्षा, शिक्षिशिहरीक SDES किर्मा कामिवित्र कर्मा 0945 नीश किने कुणाम बाहेएति छेनकुम श्वेत्राचा (क्रिक्स्ट्रब्र) बोवेबेख (नमावovec क्रियश्वेष्ट्र कर्या श्वेष्राचा निक्ष्य कार्याची शिव (श्वेख्य), यथा व्याकि-न्विह्ना, पूर् कार्याती, C86.C बीविष्य, विकास स्विति एक क्य व्यक्ति भेषे विष्ता. **७० ८८** कछक् हीनन्छ, जिरिक्रमी शन्त्रीका स्मिहाभ , अमिष्ठ, शिहाहाम मिन्यात दीन, यांगानीम ADEC

